JOURNAL 96

JOURNAL OF THE DEPARTMENTS
OF
BENGALI ENGLISH
PHILOSOPHY AND THE LIFE-WORLD

ACC. No. C-7-853
Date 17/9/96
To Central
the Library, VU
JD Banerji
13/5/96

EDITOR
T. J. BANERJEE

Advisory Board :

Dr. L. A. Khan
Dr. S. P. Singha
Dr. T. Das Purkayastha
Mr. P. Misra

Published by :

Dy Registrar, Vidyasagar University
Midnapore

March, 1996

Printed at :

Prakashana : P. P. House
M-12 Sarat Palli
Midnapore-721 101

Price : Rs. 20.00

EDITORIAL

A cluster journal has its merits and problems. It can serve a more varied fare than a single-subject journal. It can also assume a multi-disciplinary character. But sometimes variety within the boundaries of one subject appears more welcome than that of the inter-disciplinary kind, more so to the teachers of the Department which handles the subject. If a little parochial, this approach is perfectly legitimate in as much as it smacks of intellectual independence and a healthy desire to excel in one's home territory. By this token, Bengali, English and Philosophy should have been given the freedom of bringing out their own separate journals. Unfortunately, our University was not free to provide adequate financial support for such a project, and so we had to settle for this combined effort.

This is the first Humanities Journal being published. No attempt has been made to integrate the three separate sections into something of a whole by way of using a common theme or a common form. While the two Bengali papers deal with two widely differing subjects, the four papers in the Philosophy section have as many topics, and the four-piece English section has as its beginning the 16th Century Drama and as its end Thomas Hardy's poetry in the early decades of the 20th century, with a middle concerning the literary criticism of the 1990s. The two papers on Thomas Hardy had been written by our two distin-guished colleagues of Burdwan University for a seminar we arranged in the Department of English here in November 1990. I wish to thank Prof. M. K. Roy and Dr. R. Kundu for their kind permission to publish these papers in the present issue of our Humanities Journal.

So it should be quite apparent that even in the cluster-format the individual entities of the three subjects have been kept unaffected. At the same time each subject has introduced as much variety as possible within the very limited space allotted to it. Apart from offering a few minor suggestions and getting them accepted—those, too, relating mostly to the quantity rather than the quality of the papers—I have not done much as the Journal's editor. Overseeing the whole process, right from the time of commissioning the articles until their emergence from the press in the final shape, has been a great pleasure. My colleagues on the Advisory Board have extended all co-operation. May I thank them whole-heartedly. Finally, our grateful thanks to the University Authorities for the financial grant which has made this publication possible.

CONTENTS

বাংলা

দীনবন্ধু মিত্রের নাটকে নিম্নশ্রেণীর চরিত্রের ভাষা বিশ্লেষণ
—চিত্রিতা সিংহ চৌধুরী : ৩

রবীন্দ্র সাহিত্য ও মুসলমান প্রসঙ্গ
—লায়েক আলি খান : ৩৭

PHILOSOPHY

The Idea of Cause : A Philosophical Analysis
—Hiranmoy Banerjee : 51

Śaṅkara's Critique of Vaiśesika View on World-Origination
—Raghunath Ghosh : 58

Reality, World and Man in Vivekananda's Neo-Vedāntism
—Sabujkali Sen (Mitra) : 63

Implications of the Life-World
—Prabhat Misra : 70

ENGLISH

End of Prose
—Rama Kundu : 77

Thomas Hardy as a War-Poet
—Mohit K. Roy : 90

Anticipation of certain themes of Shakespear'es later drama in his Venus and Adonis and The Rape of Lucrece
—Akram Hossain ; 96

Poetry of the Nineties
—Sankar P. Singha : 111

বাংলা

দীনবন্ধু মিত্রের নাটকে নিম্নশ্রেণীর চরিত্রের ভাষা বিশ্লেষণ
—চিত্রিতা সিংহ চৌধুরী

রবীন্দ্রসাহিত্য ও মুসলমান প্রসঙ্গ
—লায়েক আলি খান

"দীনবন্ধু মিত্রের নাটকে নিম্নশ্রেণীর চরিত্রের ভাষা বিশ্লেষণ

চিত্রিতা সিংহ চৌধুরী

॥ ১ ॥

নাটকের সংলাপ হল নাটকীয় চরিত্রগুলির মুখের ভাষা। সংলাপের মাধ্যমে দর্শক বা পাঠক বুঝতে পারেন চরিত্রের মনোভাব। এক্ষেত্রে সংলাপের কাজ দুটি—এক. বক্তার নিজের সম্পর্কে দর্শক / পাঠকের ধারণা সৃষ্টি করা। দুই. অপর চরিত্রের প্রতি মন্তব্য থেকে সেইসব চরিত্রের ধারণা দেওয়া। ট্র্যাজেডীর ষড়ঙ্গের কথা বলতে গিয়ে অ্যারিস্ততল সংলাপকে (diction[১]) রেখেছেন চার নম্বরে—plot, character, thought, diction, melody, spectacle—এই হল তাঁর নির্দেশিত ক্রম। সংলাপ ব্যতিরেকেও অভিনয় হতে পারে নাটকের। মূক-অভিনয় অপ্রচলিত নয়। কিন্তু নাটক হল জীবনের দর্পণ। চলমান জীবনের সঙ্গে সমতালে চলতে গেলে নাটককে নির্বাক হলে চলবে না। জীবন তো অজস্র ভাষায় প্রকাশ করে নিজেকে।

ক্রিয়া ও সংলাপ (action and diction)—এই দুয়ের সন্নিপাতে নাটকের গঠন। প্রাচীন-যুগে নাটকের, বিশেষতঃ ট্র্যাজেডীর ভাষা ছিল ছন্দোবন্ধ। তাই নাট্যসংলাপ ছিল পদ্যাশ্রয়ী। কিন্তু ক্রমে নাটকের ভাষা হয়েছে গদ্যাশ্রয়ী। বাস্তবে মানুষ কথা বলে গদ্যে, পদ্যে তো নয়। তাই বাস্তবজীবনের অনুকারী শিল্প নাটকের ভাষাও গদ্যই[২] হওয়া উচিত।

সংস্কৃত নাটকে রাজা ও অভিজাত পুরুষদের মুখের ভাষা ছিল সংস্কৃত। সঙ্গীতের ভাষা ছিল মহারাষ্ট্রী প্রাকৃত, ভদ্রেতর চরিত্রের ভাষা ছিল মাগধী প্রাকৃত। নাট্যকারের রসসৃষ্টি ও সাহিত্য-দৃষ্টির প্রকাশ যেমন সংলাপের একটি দায়িত্ব তেমনি আরেকটি দায়িত্ব হল স্রষ্টার জীবনবোধের প্রকাশ ঘটানো। নাটকে মুখের ভাষা গদ্য, পদ্য অথবা গদ্য-পদ্য মিশ্রিত হতে পারে।

শেক্সপীয়র তাঁর নাটকে আবেগময় মুহূর্তে Blank verse ব্যবহার করেছেন। আধুনিককালে টি. এস. এলিয়ট চমৎকার কাব্য-সংলাপী নাটক রচনা করেছেন—'A Murder in the Cathidral', 'The Cocktail Party', Family Reunion' তার উদাহরণ। কাব্য-সংলাপী নাটক রবীন্দ্রনাথও লিখেছেন। উনিশ শতকের নাট্যকারদের সামনে কোনো এমন গদ্য-সংলাপী আদর্শ নাটক ছিল না যাকে অনুসরণ করা যায়। তাই স্বাভাবিকভাবেই তাঁরা প্রাচীন সংস্কৃত নাটক

এবং শেক্সপীয়রীয় নাটকের মধ্যে নাট্যাদর্শের সন্ধান করেছিলেন। একারণেই সংলাপের ক্ষেত্রে সংস্কৃত রীতির প্রভাব এড়াতে উনিশ শতকের অনেক নাট্যকারই ব্যর্থ হয়েছেন।

॥ ২ ॥

সমাজের বিভিন্ন শ্রেণীর মানুষের ভাষা নিয়ে sociolect তৈরী হয়। শিক্ষিত মানুষ যে ভাষায় কথা বলেন খেটে খাওয়া স্বল্প-শিক্ষিত মানুষ সে-ভাষায় কথা বলে না। আবার একেবারে লেখা-পড়া না জানা মানুষের ভাষা আলাদা। একই মূল ভাষাভাষী হলেও বিভিন্ন সামাজিক স্তরে ভাষায় যে পরিবর্তন ঘটছে তা লক্ষ্য করা সমাজ ভাষাবিজ্ঞানের কাজ।

উনিশ শতকের নাট্যকারদের মধ্যে নিম্নশ্রেণীর চরিত্রের ভাষা ব্যবহারে যিনি সবচেয়ে দক্ষ ছিলেন তিনি, দীনবন্ধু মিত্র। নাটক ও প্রহসন উভয় ক্ষেত্রেই সমাজভাষাকে নিপুণভাবে তুলে ধরেছেন তিনি।

সংলাপ নাটকের একটি গুরুত্বপূর্ণ বিষয় হলেও তার অতি প্রাধান্য[৩] কাঙ্ক্ষিত নয়। ক্রিয়ার (dramatic action) স্থান সংলাপ গ্রহণ করতে পারে না। দীনবন্ধুর নাটকে সংলাপের অতিরেক নেই। হয়ত কোনো কোনো চরিত্রের ক্রিয়ার অভাবে মলিন হয়েছে। কিন্তু সেগুলির মধ্যে কোনো তথাকথিত নিম্নশ্রেণীর চরিত্র গড়ে না।

একটি বিশিষ্ট অঞ্চলে বা নির্দিষ্ট অঞ্চলে যে ভাষা ব্যবহৃত হয় তাকে উপভাষা[৪] বলে। একই অঞ্চলে মানব সমাজের স্তরভেদ অনুযায়ী ভাষার তারতম্য ঘটে বলেই উপভাষা থেকে আবার পরিবর্তন ঘটে। সমাজকে যদি বহুতল বাড়ির সঙ্গে তুলনা করা যায় তাহলে বলা যায় যে বিভিন্ন তলায় যাওয়ার জন্য যেমন নির্দিষ্ট সিঁড়ি থাকে, সেই সিঁড়ি বেয়ে ইচ্ছে মতো যেকোনো তলায় যাওয়া যেতে পারে তেমনি মুখের ভাষার ক্ষেত্রেও বিভিন্ন সামাজিক ভাষা স্তরে মানুষ যাতায়াত করে। একজন সাধারণ মানুষ তার সমপর্যায়ের মানুষের সঙ্গে যে ভাবে ও ভাষায় কথা বলে তার থেকে উচ্চ বা নিম্ন পর্যায়ের মানুষের সঙ্গে সেভাবে কথা বলে না। সমাজ ভাষা নির্ভর করে তিনটি বিষয়ের ওপর ঃ (ক) প্রেরক (sender), (খ) গ্রাহক (receiver), (গ) উপলক্ষ (conditioning factor)। উদাহরণ দেওয়া যাক—'নীলদর্পণ' নাটকের ৫-ম অঙ্কের ১-ম দৃশ্যে গোপীবিশেষ সাবিত্রী সম্পর্কে দেওয়ানের কাছে মন্তব্য করছে ঃ "মাগি য্যান্ অন্নপূর্ণো", অসংস্কৃত মানুষের সাধুভাষা ব্যবহারের প্রবণতা থেকে হাস্যরসের উৎপত্তি ঘটেছে। শিক্ষিত হলে এমন প্রয়োগ সে করত না।

দীনবন্ধুর সাতটি নাটকের মধ্যে তিনখানি প্রহসন—'সধবার একাদশী', 'বিয়ে পাগলা বুড়ো', 'জামাই বারিক'। বাকি চারখানি গম্ভীররসের নাটক—'নীলদর্পণ', 'নবীন তপস্বিনী', 'লীলাবতী', ও 'কমলে কামিনী'। তাঁর নাটকের নিম্নশ্রেণীর চরিত্র সমূহকে এভাবে বিন্যাস করে শ্রেণীবিভক্ত করা যায় (উল্লেখনীয় যে অর্থনৈতিক ও সামাজিক ভিত্তিতে চরিত্রের শ্রেণী নির্ণীত হয়েছে)।



'কমলে কামিনী' নাটকে উল্লেখযোগ্য কোনো নিম্নশ্রেণীর চরিত্র নেই।

একটি বিশেষ আঞ্চলিক ভাষাকে কেন্দ্র করে নাট্যকার সংলাপ সৃষ্টি করতে পারেন। চরিত্র অনুযায়ী মুখের ভাষা কিছুটা বদলে যেতে পারে। সেক্ষেত্রে ছোটোখাটো ত্রুটি বা বিকৃতির জন্য নাট্যকারকে দায়ী করা যায় না। নাট্যকারের দৃষ্টি আর ভাষাবিজ্ঞানীর দৃষ্টি এক নয়। তথাকথিত নিম্নশ্রেণীর চরিত্রের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রের নাটকে ভাষাগত যে ত্রুটি ধরা পড়ে তা তাঁর অশক্তিজনিত নয় বরং অব্যুৎপত্তি জনিত[৫] ত্রুটি বলা যায়। এই দোষ কিছু মারাত্মক বলে গণণীয় নয়। তাছাড়া দীনবন্ধু ঘটনার স্থানগত ভৌগোলিক খুঁটিনাটি বিবরণ নির্দিষ্ট করে দেননি। ফলে ভাষা শুনে অঞ্চলটি কোন্ জেলার ঠিক কোন্ অংশে অবস্থিত তা অনুমান সাপেক্ষ ব্যাপার। একটি সজীব উপভাষার আশ্রয়ে সৃষ্ট এই চরিত্রগুলির ভাষা কোনো আই ডায়ালেক্ট নয়।

নাট্য সংলাপের ভাষা বিশ্লেষণ প্রসঙ্গে স্মরণ রাখা প্রয়োজন যে শুধুমাত্র ভাষা দিয়েই অভিনেতা বা অভিনেত্রী মনোভাব প্রকাশ করেন না, অঙ্গভঙ্গীর দ্বারাও মনের ভাব প্রকাশ করেন। ভাষা-বিজ্ঞানের ভাষায় একে বলা হয় paralanguage। কণ্ঠস্বরের ওঠানামা দ্বারাও বিশেষ বিশেষ ভাব বোঝানো হয়। কিন্তু ভাষা বিশ্লেষণের ক্ষেত্রে এগুলিকে নেওয়া হচ্ছে না।

॥ ৩ ॥

নিম্নশ্রেণীর চরিত্র কাদের বলা যাবে ? নাটক জীবনেরই আর এক নাম। আমাদের পরিচিত জগতে বিভিন্ন শ্রেণীর মানুষ রয়েছে। দোষে গুণে মিশিয়ে মানুষ। দোষে গুণে মিশিয়ে নাটকের চরিত্র। চরিত্রের শ্রেণী নির্ণয়ের মানদণ্ড কী হবে—বিত্ত অথবা বৃত্তি, সমাজে প্রতিষ্ঠা অথবা চরিত্রের মানসিকতা ?

বিত্তের ভিত্তিতে যেমন সমাজে তিনটি শ্রেণী—ধনী, দরিদ্র ও মধ্যবিত্ত ; বৃত্তির ভিত্তিতে তেমনি দুটি সম্প্রদায়—বুদ্ধিজীবী ও শ্রমজীবী। আবার কায়িক শ্রমের সঙ্গে বারাঙ্গনার দেহোপজীবিকাকে এক করা যায় না। প্রথমটির সামাজিক স্বীকৃতি আছে, দ্বিতীয়টির নেই। অশিক্ষিত ব্যক্তির অর্থকৌলিন্য না থাকলে তার সামাজিক প্রতিষ্ঠাও থাকে না। শুধু আর্থিক বা শুধু সামাজিক দিক থেকে চরিত্রকে উচ্চ বা নিম্ন শ্রেণীতে ফেলা যায় না। আর্থসামাজিক দিক থেকে তার মানদণ্ড নিরূপিত হয়। সাধারণতঃ ভৃত্য, দাসী, বাবুর্চি, আর্দালি, ভিক্ষুক, কৃষক, ছোটখাটো দোকানদার, শ্রমিক, বারবনিতা, ফেরিওয়ালা,…এরাই নাটকে নিম্নশ্রেণীর চরিত্র। একটি ভদ্র পরিবারের শিক্ষিত বেকার সন্তান যদি মাথায় জিনিস নিয়ে রাস্তায় ফেরী করে তাহলেও যেমন তাকে নিম্নশ্রেণীর চরিত্র বলা যাবেনা তেমনি মানসিকতার দিক থেকে যথেষ্ট উন্নত চাষীকেও বলা যাবেনা উচ্চশ্রেণীর চরিত্র। অর্থাৎ চরিত্রের উৎস পরিবারও এক্ষেত্রে গণণীয়। একটি সভ্য দেশের মানুষ হয়ে নীলকর সাহেবরা যে বর্বরোচিত অত্যাচার করেছে তার ফলে নাটকে তাদের নিম্নশ্রেণীর চরিত্র সাব্যস্ত করা হয়েছে। আবার অকর্মণ্য গুলিখোর হলেও জমিদারের ঘরজামাইকে নিম্ন শ্রেণীতে ফেলা হয়নি। অর্থাৎ চরিত্রগুলিকে একই সঙ্গে তাদের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক দিক দিয়ে অবস্থানগত তারতম্য বিচার করে শ্রেণীগত বিশেষণ দিতে হয়েছে।

মানুষের সাধ ও সাধ্যের মধ্যে, চাওয়া ও পাওয়ার মধ্যে, সর্বোপরি জীবনের স্বপ্নসুন্দর কল্পনা এবং রূঢ় বাস্তবের মধ্যে যে দ্বন্দ্ব (inner conflict) নিরন্তর সক্রিয় রূপ পরিগ্রহ করে ব্যক্তির সত্তায় আত্মপ্রকাশ করে তা-ই নাটকীয় চরিত্র। এর যাবতীয় বোধকে ভাষা দেয় সংলাপ। একই ভাষাভাষী নাট্যচরিত্রগুলির মধ্যেও সমাজ ভাষাগত ব্যবধান থেকে যায়। সমাজ ভাষার (sociolect) বৈশিষ্ট্য থেকে চরিত্রের সামাজিক অবস্থান বোঝা যায়। তেমনি উপভাষা থেকে অঞ্চলবিশেষ জানা যায় শুধুমাত্র সংলাপ পর্যালোচনা করেই চরিত্রগুলি স্বাতন্ত্র্য নিরূপণ করা চলে। এমনকি ব্যক্তিস্বাতন্ত্র্যবাদে বিশ্বাসী হলে নাট্যকার জনগণের মুখেও বৈশিষ্ট্য যুক্ত ভাষা বসাতে পারেন। সেক্ষেত্রে জনতার ভাষা এক হলেও প্রয়োগরীতি আলাদা হবে।

দীনবন্ধু মিত্রের নাটকে যেসব দৃশ্যে নিম্নশ্রেণীর চরিত্রের সংলাপ রয়েছে তার পরিসংখ্যান নিলে দেখা যায় ঃ

নাটক	নিম্নবর্ণের ভাষা (অঙ্ক / দৃশ্য)
নীলদর্পণ	১/১, ১/২, ২/১, ২/৩, ৩/১, ৩ ৩, ৫/৩, ৫/৩

নবীন তপস্বিনী	১/১, ১/২
বিয়ে পাগলা বুড়ো	১/১, ১/২, ৩/৩, ২/২, ২/৩
সধবার একাদশী	১/২, ২/৩, ৩/১, ৩/২, ৩/৩
লীলাবতী	১/১, ১/২, ৩/১, ৩/৩
জামাই বারিক	১/১, ১/২, ১/৩, ২/১, ২/২, ২/৩, ৩/১, ৩/২, ৪/৩

॥ ৪ ॥

কথা দিয়ে যা বোঝানো যায় না গান দিয়ে তা জানানো যায়। নাটকে গানের ব্যবহার dramatic relief-এর প্রয়োজনেই যে শুধু হয় তা নয়, অভিনয়কে অর্থবহ করে তুলতেও সঙ্গীত সমুদ্যোগী। দুরকমভাবে গানের ব্যবহার করা যেতে পারে—এক. মঞ্চে চরিত্রের কণ্ঠে গাওয়া গান, দুই. নেপথ্য সঙ্গীত। গ্রীক নাটকে কোরাসের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। নাটক শুরু হওয়ার পর গান গেয়ে কোরাস মঞ্চে প্রবেশ করত (parode)। কোরাস অবতীর্ণ হওয়ার আগে নাটকের কিছু অংশ অভিনীত হয়ে যেত (prologue)। দুটি কোরাস গানের মধ্যের অভিনীত নাট্যাংশ হল episode। নাটক শেষ হওয়ার আগে কোরাস একটি গান গায় (exode)। শেষ গানের পরের নাট্যাংশ হল epilogue। কোরাসের সব গান এক ধরণের নয়—দুঃখের ও আনন্দের দুরকম গানই আছে।

মূল নাটকে গান না থাকলেও মঞ্চে অভিনয়ের সময় পরিচালক দর্শকমনোরঞ্জনের জন্য গান জুড়ে দেন। যেমন—দীনবন্ধু মিত্রের নাটকে অযথা গীতিবাহুল্য নেই। কিন্তু রঙ্গালয়ের সাধারণ দর্শকদের রুচির কথা ভেবে 'সধবার একাদশী' প্রহসনে একটি প্রস্তাবনা ও কয়েকটি গান জুড়ে দিয়েছিলেন।[৬] প্রধানত রঙ্গমঞ্চ আশ্রয়ী নাটকেই নাচগান বেশী থাকে। উবিংশ শতকের দর্শকরুচিকে তোষণ করতে গিয়ে নাট্যকারদের সঙ্গীতের প্রতি মনোযোগী হতে হয়েছিল। দিনবন্ধু মিত্র সম্ভাব্য ক্ষেত্রেও অনেক সময় সঙ্গীত ব্যবহার করেন নি। কেবলমাত্র সমকালীন রসপিপাসুর কথা ভাবতে গেলে নাট্যকারকে সঙ্গীতপ্রীতির প্রাবল্য পরিত্যাগ করতেই হয়। গানের বাড়াবাড়ি নাটকত্ব ক্ষুন্ন করে তাকে অপেরাধর্মী করে তোলে।

'নীলদর্পন'-এ একটি দুই চরণের নেপথ্যগীত ছাড়া আর কোনো গান নেই—

"যখন ক্ষ্যাতে ক্ষ্যাতে বসে ধান কাটি।
মোর মনে জাগে, ও তার লয়ান দুটি॥ (২/৩)

পদী ময়রানীকে উদ্দেশ্য করে এ গান গাওয়া। এর আগেই পদী বলেছে—"...আমার কি গাঁয়ে বেরোবার জো আছে, পাড়ার ছেলে আঁটকুড়ি বেটারা আমারে দেখলে যেন' কাকের পিছনে ফিঙ্গে লাগে" (২/৩)। 'লীলাবতী' নাটকে মোট তিনটি গানের মধ্যে নিম্নশ্রেণীর চরিত্রের মুখে একটি গান। ভৃত্য রঘুয়ার কণ্ঠে ওড়িয়া গীত :

'মতে ছাড়ি দে বাট মোহন।
ছাড়ি দেলে জিবি মথুরা হাট,
মোহন ! রাধামোহন !
মাতাংক শপথ পিতাংক বাণ,
নেউটানি দেবি পীরতি দান, মোহন !
বাট ছাড়ি দিও নন্দকিশোর,
আম্বিল হেউচি গোরস মোর মোহন।' (৩/৩)

বঙ্গানুবাদ : মাধব, আমায় পথ ছেড়ে দাও। আমি মথুরার হাটে যাব। আমি বাপ-মায়ের দিব্যি দিচ্ছি ফিরে এসে তোমার ইচ্ছাপূরণ করব। ভাগ্নে কানাই, আমি তোমার মামী। পথ ছাড়। দুধের জিনিস সব নষ্ট হয়ে যাচ্ছে।

'সধবার একাদশী'তে গণিকা কাঞ্চনের কণ্ঠে একটি গান রয়েছে। 'জামাই বারিক'-এ হাবার মার গাওয়া একটি গান আছে। 'নীলদর্পণ'-এর আদুরী, 'বিয়ে পাগলা বুড়ো'র পেঁচোর মা গান গায়নি বটে কিন্তু এই তিনটি চরিত্র একই মানসিকতার।

রঙ্গমঞ্চে সঙ্গীত কিছু দর্শককে আকৃষ্ট করে বটে কিন্তু সামাজিক প্রহসন এবং বাস্তবজীবন অবলম্বী নাটকে গান নাট্য-বাস্তবতা ক্ষুণ্ণ করে। অবশ্য নাটকেরই কোনো চরিত্র যদি অপর চরিত্রকে গান গাইতে অনুরোধ করে সেক্ষেত্রে গান চলতে পারে তবে তারও একটা মাত্রা থাকা প্রয়োজন। সঙ্গীতের স্বল্প ব্যবহারের জন্য দীনবন্ধু মিত্রের নাটকে বাস্তবতা অক্ষুণ্ন থেকেছে।

॥ ৫ ॥

মুখের ভাষায় প্রবাদ-প্রবচনের ব্যবহার বেশী লক্ষণীয় বৃদ্ধ-বৃদ্ধাদের মধ্যে এবং অশিক্ষিত বা অর্ধশিক্ষিত শ্রমজীবী মানুষের মধ্যে। দীনবন্ধু তাঁর নাটক-প্রহসনে প্রবাদ-প্রবচন ছড়া ব্যবহার করে তাকে প্রাণবন্ত করে তুলেছেন। এমনকি ব্যক্তির নিজভাষা (idiolect) প্রবাদ-ছড়া ইত্যাদিকে প্রভাবিত করেছে। যেমন—'নীলদর্পণ'-এর তোরাপ বলে :

"ব্যারালচোকো হাঁদা হেম্‌দো।
নীলকুটির নীল মেম্‌দো॥ (২/১ পৃ. ১৬ / দী. র. / স্বাক্ষরতা প্রকাশন)

শিষ্ট চলিত বাংলায় এটির রূপ হওয়া উচিত :

"বেড়ালচোখো হাঁদা হেম্‌দো।
নীলকুঠির নীল মাম্‌দো॥"

সচরাচর তোরাপ 'মেমদো' নয় 'মামদো' (= মহম্মদীয় ভূত) বলে। ছড়ায় 'হেমদো'-র সাদৃশ্যে 'মেমদো' হয়েছে।

'সংবাদ প্রভাকর' পত্রিকায় যে 'কালেজীয় ছাত্রদিগের কবিতাযুদ্ধ' চলত তার দীনবন্ধুজাত পরিণাম নাটকে ব্যবহৃত ছড়াগুলি। তাঁর নিম্নশ্রেণীর চরিত্রের সংলাপে প্রচুর প্রবাদ ছড়া রয়েছে :

॥ ১ ॥ পুঁইচে কি এত ভারী রে প্রাণ
পুঁইচে কি এত ভারি।
মনের মত হলি পরে বাউ পরাতি পারি॥ (আদুরি/নীলদর্পণ/১/৪ প. ১১/স্বা. প্র.)

।। ২ ।। স্বপন যদি ফলে।
ঝোলবো তানার গলে ।।
... ...
নোকের মুকি দিয়ে ছাই
আতি দিনি শুয়োর খাই ।। (পেঁচোর মা/বিয়ে পাগলা বুড়ো/১-৩ পৃ. ১৩৭/স্বা. প্র.)

।। ৩ ।। কামিনী, নাতিনী, সতিনী আমার তুই
তোর ঠাকুর্দাদায় রেখে মাকে তিন জনাতে শুই ।।
(জামাই বারিক / তবি / ১-২ পৃ. ২৮৮ / স্বা. প্র.)

।। ৪ ।। ময়না ময়না ময়না
সতীন যেন হয় না। (হাবার মা / জামাই বারিক / ১-২ পৃ. ২৯১ / স্বা. প্র.)

।। ৬ ।।

নীলকর সাহেবদের অত্যাচারে জর্জরিত স্বরূপপুর গ্রামের বর্ধিষ্ণু কৃষক পরিবার-বসুপরিবার এবং স্বল্পবিত্ত কৃষক সাধুচরণের পরিবার এই দুয়ের করুণ পরিণতি সমান্তরালভাবে দেখানো হয়েছে নাট্যবিষয়রূপে। নীলকরদের বিরুদ্ধে মামলা করেও শোষিত চাষীরা কোনো ফল পায় না। এদের পাশে এসে দাঁড়ান গোলক বসুর বড় ছেলে নবীন-মাধব সাহেবদের হাতে প্রচণ্ড প্রহৃত হয়ে প্রাণ হারায়। কারাগারে উদ্বন্ধনে আত্মহত্যা করেন গোলক বসু। রোগ সাহেবের অত্যাচারে সন্তানসম্ভবা ক্ষেত্রমণির মৃত্যু হয়। শোকে পাগল হয়ে বসুজায়া সাবিত্রী পুত্রবধূ সরলতাকে হত্যা করে নিজেও মারা যান। বসু পরিবারের তিনজন মাত্র বেঁচে রইল—ছোটছেলে বিন্দুমাধব, বড়বৌ সৈরিন্ধ্রী এবং তার সন্তান বিপিন।

এই নাটকের পরিণামগত এবং উপস্থাপনাগত ত্রুটি যতই হোক না কেন নিম্নশ্রেণীর চরিত্রের সংলাপের জোরে উৎরে গেছে তা। এভাষা যেমন বহু প্রশংসিত তেমনি বহু নিন্দিত।[৭] তোরাপ, আদুরি ও পদী ময়রানীরাই নাটককে জীবন্ত করে তুলেছে। এই নাটকের তথাকথিত নিম্নশ্রেণীর চরিত্র হল: তোরাপ, রাইচরণ, সাধুচরণ, লেঠেল, চাষী, আদুরি, পদী, রেবতী, ক্ষেত্রমণি, গোপ এবং নীলকর সাহেবরা। ভাষা বিশ্লেষণের সুবিধার জন্য আমরা এদের ভাষাকে দুভাগে ভাগ করা দরকার মনে করি—নারীর ভাষা এবং পুরুষের ভাষা।

পুরুষের ভাষার সাধারণ বৈশিষ্ট্য

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

১. এ (e)>অ্যা (æ) ; ছেলে>ছ্যালে (chele>chæle), পেরেক>প্যারেক (perek>paerek)।
২. ল (l)>ন (n) ; লড়াই>নড়ুই (lδṛai>noṛui), লোক>লোক (lok>nok)।
৩. য>ঝ (j>jh) ; যে>ঝে (je>jhe)।
৪. র (r)>অ (δ) ; রাম>আম (ram>am) ; রক্ত>অক্ত (r δ kto>δ kto)।

৫. ত (t)>থ (th) ; গাঁথবার>গাঁতবার (gyathbar>gyatbar)

৬. ছ (ch)>চ (c) ; নচেচে (nocece)।

৭. ড় (ṛ)>র (r) ; থাপ্পোর (thappor)

৮. ধ (dh)>দ (d) ; কাঁধে>কাঁদে (kyadhe>kyade)

৯. ড (d)>ট (t) ; চাবালিডে (cabalide)

১০. স্বরধ্বনি লোপ ; তাম্‌সা<তামাসা (a>ϕ)। ব্যঞ্জনধ্বনি লোপ ; মরলাম>মলাম (r>ϕ)।

রূপতত্ত্বগত বৈশিষ্ট্য

১. অসমাপিকা ক্রিয়ায় -ইয়ে>-এ (ie>e) ; বাঁচিয়ে>বেঁচ্‌য়ে (byacie>byece) ; পালিয়ে>পেল্‌য়ে (palie>pele)।

২. -ইতে অন্তক অসমাপিকা ক্রিয়ায় -তি প্রত্যয় ব্যবহার। যেমন, খাতি (>খাইতে), যাতি (>যাইতে), নাতি (>নাইতে)।

৩. গৌণ কর্মে '-রে' বিভক্তির ব্যবহার। যেমন—মোরে (more), বুড়িরি (বুড়িরে>বুড়িরি→স্বরসঙ্গতি)।

৪. কর্তৃকারকে উত্তমপুরুষ আমি>মুই (ami>mui)। কর্তায় -'এ' বিভক্তি (-e>-i) ; যেমন নীল>নীলে>নীলি (nil>nile>nili)।

৫. 'থেকে' অনুসর্গের পরিবর্তে 'হতে' অনুসর্গের ব্যবহার।

৬. সমাপিকা ক্রিয়ায় -ইয়াছিলাম, -ইয়াছিলে, -ইয়াছিল, বা -ইয়াছি, -ইয়াছ, -ইয়াছে-র বদলে -ইয়েলাম / -এলাম, -ইয়েল / -য়েল প্রত্যয় ব্যবহার। যেমন—ধরেলাম (dhorelam), গিয়েলাম (gielam)।

৭. তুলনামূলকভাবে অর্ধতৎসম বা ভগ্নতৎসম এবং ভগ্নবিদেশী শব্দের ব্যবহার বেশী। যেমন—অন্নপুন্নো, শরীল, মাচেরটক (=ম্যাজিস্ট্রেট), গারনাল (=গবর্নমেণ্ট),… ।

৮. যেন>য্যান্‌ শব্দের বহুল ব্যবহার।

৯. ইডিয়াম ব্যবহার—ঘোঁটা মারা, বেপালটে পড়া, হ্যাল মারা, চুপ দে, কাজ মারা, দাদন গাদা, জমি তোলা ইত্যাদি।

১০. সম্বন্ধ পদ উত্তমপুরুষে আমা>মো (ama->mo-) ; মোদের, মোর, মোরে,… ।

অন্বয়গত বৈশিষ্ট্য

প্রচলিত ব্যাকরণ অনুসারে বাংলা বাক্যের চারটি শ্রেণী :

(ক) সরল বাক্য (simple sentence)[৮]

(খ) যৌগিক বাক্য (compound sentence)[৯]

(গ) জটিল বাক্য (complex sentence)[১০]

(ঘ) জটিল-যৌগিক বাক্য (compound-complex sentence)[১১]

পদগুচ্ছ সংগঠন সূত্র[১২] অনুসারে বাংলা বাক্যকে দুটি শ্রেণীতে বিভক্ত করা যায় :

(ক) সরল বাক্য (single clause structure)

(খ) অ-সরল বাক্য (poly-clause structure)

P.R.S. অনুযায়ী বাক্য বিভাজনের ক্ষেত্রে নিম্নলিখিত ধারা অনুসৃত হবে :

S = sentence = NP + VP

= NP sing
  NP plu } (Noun Pharse)

VP = Verb + NP

NP sing = T + N

NP plu = T + N + .'s

T = Article

N = any noun

V = any verb

Verb = Aux + V

Aux = Tense (+M, +have, +en, +be, +ing, +...)

M = mode (will, can, may, shall, ...)



বাংলা ভাষার ক্ষেত্রে বাংলা ব্যাকরণের নিয়মানুসারে ক্রিয়া গঠিত হবে।

সরল বাক্য : 'কুটি খাতি যাই নি' [(২/১)-(তোরাপ)]

(= kuṭi khati jai ni)



প্রশ্নবোধক বাক্য ঃ 'তোর দোষ পেয়েলো কি ?' [(২'১) তোরাপ]

(→tor doś peelo ki ?)



অ-সরল বাক্য ঃ 'মিন্‌সের মুখখান মনে পড়লি আজো মোর পরাণডা ডুক্‌রে ক্যাঁদে ওটে।

(১/৪—আদুরি)

(=minser mukkhan mone poṛli ajo mor pôranḍa ḍukre kyæde oṭe)



তোরাপের সংলাপে ব্যবহৃত বিশিষ্ট শব্দ ঃ নেমোখ্যারামি, ঝা, ঝে, বেঁচ্‌য়ে, নেগিচি, মিথ্যে, কখনুই, লো (=লহু=রক্ত), থাপ্পোর, ঝাকি (=মারি), হ্যাংনামা (=হাঙ্গামা), মাচেরটক (ম্যাজিস্ট্রেট), বেলাত, গারনাল (=গবর্নমেণ্ট), মেইন্দার, লাব (=নাম), পুছকরি (=জিজ্ঞাসা করি), মাম্নির ভাই (=মারনীর ভাই), সমিন্দ, কোমেট (=কমিটি), নেয়েত (=রায়ত), হিরভিতি, ··· ।

অন্যান্য চাষীদের ভাষায় ব্যবহৃত শব্দ ঃ য্যান বিদেকাটি, শালা, মাগছ্যোলে, দ্যাশ, ভুঁই, তবাদি, ঝোজানি, জামা (=জামাই), চকি (=চোখে), যাতি, নাতি, ফোজদুরি, কাজি কাজিই,

বেইরে, এঁড়ে, নড়ুই, হেড়াহেঁড়ি, হ্যাল (=হাল), প্যাট, কলাম, ন্যাজ, দামড়া, ধন্দা, তাজ্জা, কেচ্‌রি, … ।

তোরাপের ভাষার বৈশিষ্ট্য

১. য>ঝ (j>jh)

২. ড়>র (ṛ>r)

৩. 'সমিন্দি' শব্দের প্রয়োগের প্রতি ঝোঁক

৪. গালগাল দেওয়ার প্রবণতা

৫. আরবী ফার্সী শব্দের ব্যবহার (পানি, নাছিব, জোরা, আসমান, কসম, …)

এই বৈশিষ্ট্যগুলিই তোরাপের idiolect যা তাকে চিনিয়ে দেয়। এখানে তোরাপের ভাষার নমুনা দেওয়া হলো ঃ

তোরাপ। ভাল মানুসির ছাবাল—মুই কথায় জানতি পেরেছি—পরাণে চাচা মোরে কাঁদে কাঁত্ত পারিস, মুই ঝরকা দিয়ে ওরে পুছ করি বাড়ি কে—(২/১)

সাধু চলিত বাংলায় এর রূপ হবে ঃ

'আমি কথা শুনে বুঝেছি, ভালো মানুষের ছেলে—পরাণ চাচা আমায় কাঁধে নিতে পারিস, আমি ঘুলঘুলি দিয়ে ওকে জিজ্ঞাসা করি ওর বাড়ি কোথায়।'

নারীর ভাষা

তোরাপের মতো আদুরীর ভাষাও একেবারে নিজভাষা। এ-ভাষার বৈশিষ্ট্য ঃ

১. র>অ (রানী>আনী)

২. ল>ন (লোক>নোক)

৩. ট>ড (পরাণটা>পরাণডা)

৪. ঠ>দ (গন্ধ>গোন্দো)

আদুরী বলে ঃ 'ছোট হালদার্নি, সে খ্যাদের কথা আর তুলিস নে। মিন্‌সের মুখখান মনে পড়লি আজো মোর পরাণডা দুক্‌রে ক্যাঁদে ওটে। মোরে বড্ড ভালবাসতো। মোরে বাউ দিতে চেয়েলো।' (২/৪)

মা. চ. বা.→'ছোট হালদার্নি, সেই খেদের কথা আর তুলিস না। মিন্‌সের মুখখানা মনে পড়লে আজও আমার প্রাণটা দুকরে কেঁদে ওঠে। আমার বড্ড ভালবাসত। বাউটি দিতে চেয়েছিল আমায়।'

নাট্যকার স্বেচ্ছাপ্রণোদিত ভাবেই একই সমাজের একই ভাষাভাষী চরিত্রের ক্ষেত্রেও বৈশিষ্ট্য বজায় রেখেছেন ব্যক্তিবিশেষে। অর্থাৎ sociolect ব্যক্তির ক্ষেত্রে দাঁড়াচ্ছে idiolect।

গ্রাম্য নারীচরিত্রের ভাষায়

(ক) খাঁটি আঞ্চলিক ভাষার রূপটি মেলে ;

(খ) ঘরোয়া গালাগালের প্রাচুর্য লক্ষণীয় ; (পদীর ব্যবহৃত গালি)

(গ) বিস্ময়সূচক শব্দের ব্যবহার বেশী (মাগো, মা, গাড়া কাঁটা দিয়ে ওটচে,···)

(ঘ) প্রবাদ প্রবচনের ব্যবহার বেশী

(ঙ) আচার সংস্কার প্রাসঙ্গিক তথ্য জানা যায় ("মুই কি হিঁদুর মেয়ে হয়ে সাহেবের জল খ্যাতি পারি" ৩/৩)।

রেবতী ও ক্ষেত্রমণির ভাষা একইরকম আবার পদীময়রানীর কথাবার্তা কিছুটা মার্জিত। কারণ সে চাষীর বৌ বা চাষীর মেয়ে নয়।

রেবতী ও ক্ষেত্রমণির ভাষা কিছুটা আদুরীর সঙ্গে মেলে। তারা কেউ পদীময়রানীর মতো অপ্রতিরোধ্য ও স্বতঃস্ফূর্তভাবে গালাগালি দেয় না আবার ক্রিয়ার শুদ্ধরূপও ব্যবহার করে না। পদীর চরিত্র ফুটে উঠেছে তার বিশিষ্ট গালাগাল ব্যবহারে : 'আঁটকুড়ির বেটা', 'বুনো', 'ড্যাক্‌রা', 'ভাতার খাগীর ভাতার', 'কালামুখ', 'যমের বাড়ি', 'তোর মা বনের ধরুক',··· । চাষীর মেয়ে, বৌ বলে 'এনেলো' পদী বলে 'এনেছিল' (২/৩ পৃ. ২০/স্বা. প্র.)। 'ঘেন্না' না বলে সে 'ঘৃণা' উচ্চারণ করে (২ / ৩ পৃ. ২০ / স্বা. প্র.)। অন্যান্যদের মতো সেও গৌণ কর্মে '-রে' বিভক্তি দেয়। পদীর ভাষার নমুনা :

"আমিন আঁটকুড়ির বেটাই তো দেশ মজাচ্ছে। আমার কি সাধ, কচি মেয়ে সাহেবরে ধরে দিয়ে আপনার পায় আপনি কুড়ুল মারি—রেয়ে যে খেঁটে এনেছিল, সাধুদাদা না ধরলিই জন্মের মত ভাত কাপড় দিত—···" (২ / ৩)

খেঁটে→খুঁটি>খুঁটে>খেঁটে=বেঁটে মোটা লাঠি।

তিনটি নাটক দৃশ্যে ক্ষেত্রমণিকে দেখা গেছে। প্রথমটিতে (ক) (১/৪) সে লজ্জাশীলা বধূ, দ্বিতীয় দৃশ্যে (খ) (৩/৩) লুণ্ঠিত সম্ভ্রম অত্যাচারিতা নারী এবং তৃতীয়টি (গ) (৫/৩) তার মৃত্যু দৃশ্য।

(ক) "মোর ঝাপটা দেখে মোর ভাশুর বড় খাপা হয়েলো, ঠাকুরুণদি বল্লে ঝাপটা কাটা কসবিদের আর বড়লোকের মেয়েগার সাজে। মুই শুনে লজ্জায় মরে গ্যালাম, সেই দিনি ঝাপটা তুলে ফ্যাললাম্।" (১/৪)

মা. চ. বা.→[আমার ঝাপটা দেখে আমার ভাসুর বড্ড ক্ষেপে গিয়েছিল (/ গিয়েছিলেন), ঠাকরুণকে বলল (/ বললেন) ঝাপটা কাটা বেশ্যাদের আর বড়লোকের মেয়েদের সাজে। আমি শুনে লজ্জায় মরে গেলাম, সেইদিনই ঝাপটা তুলে ফেললাম।]

(খ) "ময়রা পিসি যাস্ নে, ময়রা পিসি যাস্ নে। মোরে কালসাপের গত্তের মাঁধ্য একা রেকে গেলি, মোর যে ভয় করে, মুই যে কাঁপতি লেগেছি, মোর যে ভয়েতে গা ঘুরতি লেগেচে, মোর মুখ যে তেষ্টায় ধুলো বেটে গেল।" (৩/৩)

মা চ. বা.→[যাস্ না ময়রাপিসি, যাস্ না। আমায় কালসাপের গর্তের মধ্যে একা রেখে গেলি, আমার যে ভয় করছে, আমি যে কাঁপতে শুরু করেছি, ভয়ে আমার গা ঘুরছে, তেষ্টায় মুখ শুকিয়ে গেল।]

(গ) "স্যাঁকুলির কাঁটা ফোটচে, মরি গ্যালাম, মারে মলাম রে বাবার দিগি ফিরুয়ে দে।" (৫/৩)

মা. চ. বা.→[বিছানায় কাঁটা ফুটছে, মাগো, মরে গেলাম , বাবার দিকে ফিরিয়ে দাও ।]

তিনটি মা. চ. বা. রূপান্তরের কোনোটাই ক্ষেত্রমণির ভাষার যথযথতা রক্ষায় সমর্থ নয় ।

॥ ৭ ॥

বিয়ে পাগলা বুড়ো

বিপত্নীক বৃদ্ধ রাজীবলোচন মুখোপাধ্যায় অত্যন্ত কঞ্জুস এবং ধনী ব্যক্তি । বুড়ো বয়সে বিয়ে করার জন্য তিনি ক্ষেপে উঠেছেন । ঘটক চাঁপা নামের এক সুন্দরী কিশোরীর সঙ্গে তাঁর বিয়ের ঠিক করে । পাড়ার ছেলেরা বুড়োকে জব্দ করার জন্য রতা নাপিতকে কনে সাজায় । বাড়ি এসে বৌয়ের ঘোমটা খুলে রাজীব দেখেন পেঁচোর মাকে । বাবার বিয়ে শুনে দুই বিধবা কন্যা রামমণি ও গৌরমণির আশঙ্কা হয়েছিল পরে মিছে বিয়ে শুনে তারা খুশী হল—"বেশ হয়েছে, মিছে বিয়ে হলো আমরা টাকা পেলুম ।" বিয়ে পাগলা বুড়োর উচিত শিক্ষা হল ।

এই প্রহসনে নিম্নশ্রেণীর চরিত্রসমূহ : রতা, ভুবন, নসিরাম এবং পেঁচোর মা ।

অর্থনৈতিক ও সামাজিক দিক থেকে নিম্নবর্ণের হলেও পুরুষ চরিত্রগুলি লেখাপড়া জানে । সুতরাং ভদ্রজনোচিত ভাষা ব্যবহারই তাদের পক্ষে স্বাভাবিক । বৃদ্ধা ডোমনী পেঁচোর মায়ের ভাষা তার মুখে বেশ মানিয়ে গেছে । উদাহরণ দিলে দেখা যাবে—

(ক) "দ্যাল সাক্কি—মোরে য্যান বুড়ো বামন বে কচ্চে, মুই য্যান্ ওনার কোলে ছেলে দিচ্চি ।" (১/৩)

(খ) "তুম্নি বাম্নিতি তপাতটা কি ? তোমারাও প্যাট জ্বলে উট্লি খাতি চাও, মোরাও প্যাট জ্বলি উটলি খাতি চাই, তোমরাও গালাগালি দিলি আগ কর, মোরাও গালাগালি দিলি আগ করি, তোমার বাবা মরিলেও বুকি বাঁশ, মুই মলিও বুকি বাঁশ, তাঁনারও দাঁত পড়েচে, মোরও দাঁত পড়েছে, তবে মুই কোম্ হলাম কিসি ?" (১/৩)

যশোর জেলার ভাষা অবিকল পেঁচোর মার মুখে বসানো হয়েছে । কিন্তু কোথাও স্খলন ঘটেছে । দ্বিতীয় উদ্ধৃতির (খ) 'জ্বলে' এবং 'মরিলেও' শব্দের যথাক্রমে হওয়া উচিত ছিল 'জ্বলি' এবং 'মল্লিও' ।

সংলাপের ধ্বনি ব্যবহারগত বৈশিষ্ট্য

(ক) স্বরসঙ্গতির ফলে u>o, e>i যেমন—śuor>śor ; bamnite>bamniti ।

(খ) r>ð যেমন—rag>ag ।

(গ) e>æ যেমন—peṭ>pæṭ ; chele>chæle ।

(ঘ) ṭh>ṭ যেমন—uṭhli>uṭli ।

(ঙ) ṭ>ḍ যেমন—chanaṭa>chanaḍa ।

(চ) স্বরভক্তির ব্যবহার (Anaptyxis) । যেমন—śðpno>śðpon ।

(ছ) C>ch যেমন—pholeche>pholece ।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

(ক) অসমাপিকা ক্রিয়ায় 'ই' (i)-অন্তক পদ ব্যবহার। যেমন—khati, nati।

(খ) উত্তমপুরুষ সর্বনাম—mui/mora।

(গ) গৌণকর্মে -রে বিভক্তি। যেমন—more, edre।

(ঘ) সমাপিকা ক্রিয়ায়—অ্যালাম, -ইয়েলাম বিভক্তি। যেমন—dielam, gælam।

(ঙ) সামান্য অতীতে '-লে' বিভক্তি। যেমন—pδrale, dele।

(চ) সম্বন্ধ পদে তার>তানার (tyar>tyanar)।

অন্বয়গত বৈশিষ্ট্য

সরল বাক্য (প্রশ্নাত্মক)→ঝুনো নেরকোল খ্যায়েচো ? (১/৩)



বিস্ময়বোধক বাক্য→"ও মা। মুই কনে যাব ?" (২/৩)

——————→O ma ! mui kδne jabo ?



নির্দেশক বাক্য → "আতি দিনি শুয়োর খাই।" (১/৩)

——————→ ati dini śuor khai.



পুরুষ চরিত্রের ভাষা বিশ্লেষণ

(ক) রতা : কাল ব্যাটার ভারি নাকাল করিচি—দশ গণ্ডা কাগের ডিমের শাঁস ওর মাথায় ঢেলে দিইচি। (১/১)

(খ) নাঁসি : কলিকাতায় ছাত্রেরা পরীক্ষার পর বিল্‌বর্টে'র বাজি দেয়। আমরা পরীক্ষার পর রাজীব মুখুয্যের বাজি দেব। (১/১)

(গ) গোপাল : যদি কেহ বলে মুখোপাধ্যায় মহাশয় পেঁচোর মা-র বয়স কম, বুড়ো ওমনি গালে-মুখে চড়ায় আর তাড়িয়ে কামড়াতে আসে, এখন অধিক ঘলুতে হয় না, শুধু পেঁচোর মা বল্যেই হয়। (১/১)

(ঘ) ভুবন : আমি ব্যাটার গা ধুয়ে দিইচি—ব্যাটা রাগ করিনি, বলে বিয়ের দিন এমন আমোদ করে থাকে। (২/২)

ধ্বনি ব্যবহারগত বৈশিষ্ট্য

(ক) k > g যেমন kak > kag

(খ) ch > c যেমন korici, diici

(গ) th > t ; kδtha > kδta, matha > mata.

(ঘ) e > i ; bean > bian.

রূপতত্ত্বগত বৈশিষ্ট্য

(ক) বহুবচনে—'গুলিন' বিভক্তি। যেমন—kδthagulin।

(খ) সামান্য অতীতে ক্রিয়ার -'এইচি' বিভক্তি ব্যবহার—kheici, eici (<aśiachi)।

(গ) সামান্য অতীতে নঞর্থক ক্রিয়ায় প্রথম পুরুষে 'ইনি' বিভক্তি—
'bæta rag korini' (২/২)।

(ঘ) স্ত্রী-ভূমিকায় পুরুষ চরিত্রগুলির স্ত্রীলোকের ভাষার অনুসরণে 'ভাই', 'সেই' শব্দের ব্যবহার।

(ঙ) তুচ্ছার্থে 'ব্যাটা' (bæta) শব্দের প্রয়োগ।

অন্বয়গত বৈশিষ্ট্য

সরল বাক্য—'buro bata biśśoninduk (২/১)



যৌগিক বাক্য—kδto galagali dile kintu amay,

dekhte paini. (১/১)

↓

বাক্য$_১$ + যোজক + বাক্য$_২$

(kintu)

জটিল বাক্য—jδthartho kδtha bolte ki rajib mukhujje

বাক্য$_১$ | অব্যয়

na mole deśer nistar nai

বাক্য$_২$

বর্ণনামূলক ভাষাবিজ্ঞানীরা বাক্যকে 'অব্যবহিত উপাদান' (Immediate Constituent/I.C.)[১৩] অনুযায়ী বিশ্লেষণ করেন। এই পদ্ধতিতে সমস্ত বাক্যের বিশ্লেষণ সম্ভব নয়। যেমন—



পেচোর মা চরিত্রটির ব্যবহৃত বাক্য লক্ষ করলে দেখা যাবে যে কোনো যৌগিক বাক্যেই সংযোজক অব্যয় নেই। তার বাক্যের গঠন :

S_A + Connective (=ϕ) + S_B

যেমন mui o namda dhotti parine (S_A), morminśer name ... bade (S_B) (১/৩½)

এখানে কমা (,) চিহ্নটি সংযোজক অব্যয়ের কাজ করছে।

জটিল বাক্যের গঠন : Scomplex = Conditional$_1$ + S_1 + Conditional$_2$ + S_2.

thakurbδrer bδre buṛo bamon jodi mor bδr hδy, mui nδ kδṛar śinni debo

I. C. অনুযায়ী বাক্য গঠন ঃ



লক্ষণীয়, I. C. তত্ত্বে বাক্যস্থিত কোন্ কোন্ উপাদান বা পদ পরস্পরের সবচেয়ে বেশি সন্নিহিত তা নির্ণয় করতে হয়।

সধবার একাদশী

এই প্রহসনটি তার জন্মলগ্নের সমকালীন কলকাতার বাবু সমাজের কেচ্ছা নিয়ে লেখা। অটল-বিহারী ধনীর সন্তান। নিমচাঁদ এবং সঙ্গীরা তাকে মদ খাওয়া শেখায়। বারবনিতা কাঞ্চনকে নিয়ে সে, এতই বাড়াবাড়ি করে যে পাঁড় মাতাল নিমে দত্তও তাকে উপহাস করে। শেষে কাঞ্চনের প্রতি বিরক্ত হয়ে অটল পরস্ত্রীর প্রতি অনুরক্ত হতে উদ্যোগী হয়। নিজের বাড়িতে এই কুকীর্তি করতে গিয়ে অ্যালবার্ট চেনধারিনী নিজস্ব কুমুদিনীকেই ভুলবশত বৈঠকখানায় এনে হাজির করে তার নিযুক্ত দূত। অটল ও নিমচাঁদ উভয়েই বেধড়ক পিটুনি খায়। শেষে অটল বলে এত মার খেয়েছে ব্রান্ডি না খেলে ব্যথা সারবে না।

কাঞ্চন ও দামা এখানে নিম্নশ্রেণীর চরিত্র। মদ্যাসক্ত হয়ে উন্মার্গগামী হলেও অটল বা নিমেদত্তকে তো আর নিম্নশ্রেণীভুক্ত করা চলে না।

কাঞ্চনের সংলাপ ঃ "এই আরদালি ব্যাটাকে সঙ্গে করে নিয়ে গিচ্‌লেন—আমি ভাই বসে রইচি, আরদালি সঙ্গে করে এই মূর্তি এসে উপস্থিত ; সেদিন আরদালি খুড়ো চাপরাসখান ইটের গুড়ো দিয়ে ঘসে ঘসে ফরসা করে এনেছিলেন। আমার দাসী জিজ্ঞাসা কল্যে, কি চাও গা ? আরদালি খুড়ো ওমনি গোঁপে চাড়া দিয়ে বল্যেন, 'ইনি ডেপুটি ম্যাজিস্ট্রেট, এইখানে আজ থাকবেন।' ইচ্ছে হাঁসতে হাঁসতে শামলার উপর হুকোর জল ঢেলে দিলে ; যাদু ভিজে বাঁদরের মত আস্তে আস্তে উঠে গেলেন।" (৯।৩)

ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

(ক) পদান্তের ch>c ; korci, roici

(খ) পদান্তের ph>p ; gyope (গোঁপে)

(গ) নাসিক্যীভবন (nasalization)—হাঁসতে।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

(ক) ক্রিয়াপদকে তুচ্ছার্থক মধ্যমপুরুষে বর্তমানকালে—'ইচিস্' বিভক্তি। যেমন—শিখিচিস্।

(খ) সাধারণ বর্তমান কালে প্রথম পুরুষে সমাপিকা ক্রিয়ার শেষে—এ বিভক্তি। যেমন, দিলে, খেলে।

(গ) একই মধ্যম পুরুষে 'তুই' ও 'তুমি' উভয়ের ব্যবহার।

(ঘ) 'ব্যাটা' ও 'ভাই' শব্দের প্রয়োগ বাহুল্য।

(ঙ) বিশিষ্ট শব্দ প্রয়োগ, যেমন—'ভাঁড়ানো', 'ন্যাকরা' ইত্যাদি।

অন্বয়গত বৈশিষ্ট্য

সরল বাক্য ঃ ami ektu bagane bæṛoi ge (১/২)

বাক্য গঠন → NP + (NP) V

আমি বাগানে (একটু) বেড়াই গে

↓

ক্রিয়া বিশেষণ

যৌগিক বাক্য



কাঞ্চনের ভাষা ব্যবহারে তার সামাজিক শ্রেণী ফুটে উঠেছে। শুধু একটি সংলাপেই তার চারিত্র প্রকাশ পায়ঃ "আমার কপালে বন্‌পো উপপতিই ঘটে—প্রিয় শঙ্কর যখন আমায় রাখলে, তখন রমানাথ আনায় মাসী বল্‌তো, আবার সেই রমানাথ আমায় সেবাদাসী কল্‌লেন, পাছে বমানাথ মনে কিছু ভাবে তুমি আমায় যা বল্‌তে তা মনে আছে? এখন তোমার জানি হইচি।" (২/২)

কাঞ্চনের পেশা তার পেশাদারী সংলাপেই প্রতিভাত। অটলের ভৃত্য দামা। কাজ করতে করতে আপন মনেই সে বলে, "বোকাবাবুর কাছে নইলে চ করি পোষায়? কত জিনিস ভাংচি, কত চুরি কচ্চি, বাবুর হিসেবও নেই, কিতেবও নেই।" (২/২)

এ-ভাষার ধ্বনি ব্যবহারগত বৈশিষ্ট্য

(ক) শব্দান্তে ছ>চ (ch>c), যেমন—ভাংচি (<ভাঙ্‌ছি)।

(খ) কিপ্‌টে>কাপটে (i>a)।

(গ) হিসাব কিতাব>হিসেব কিতেব (i>e, স্বরসঙ্গতি)।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

(ক) অসমাপিকা ক্রিয়ার 'বের' বিভক্তি – বল্‌বের।

(খ) শব্দ প্রয়োগে বিশিষ্টতা—পরতাল, মাল করে (=লোপাট করে), কোটা বালাখানা, কসো,···।

অন্বয়গত বৈশিষ্ট্য

সরল বাক্য : boka babur kache noile cakri posay



যৌগিক বাক্যের গঠন : $S_1 + \text{Connective } (=\phi) + S_2 + \text{Connective } (=\phi) + S_3$

"kδto jiniś bhayci, kδto jiniś curi kocci,
S_1 S_2

babur hiśeb o nei kiteb o nei."
S_3

জটিল বাক্য : jæmon kapte babu temni kδsai cakoro ache

jæmon kapte babu = বাক্য$_১$ (আশ্রয়মূলক উপাদান$_১$)

temni kδsai cakoro ache = বাক্য$_২$ (আশ্রয়মূলক উপাদান$_২$)

॥ ৯ ॥

নবীন তপস্বিনী

পঞ্চম অঙ্কের প্রথম গর্ভাঙ্কে চারজন বাহকের সংলাপ ব্যতীত এই নাটকে কোনো নিম্নশ্রেণীর চরিত্রের ভাষা নেই। নাটকের মূল কাহিনী একটি এবং উপকাহিনী একটি। মূল কাহিনী সিরিয়াস উপকাহিনীটি হাস্যরসাত্মক। রাজমিস্ত্রী জলধরের স্ত্রী বহু ইতরভাষা প্রয়োগ করলেও মন্ত্রীজায়াকে নিম্নশ্রেণীর চরিত্র বলা যায় না। বাহকদের মোট বারোটি সংলাপ রয়েছে। প্রথম বাহকের চারটি সংলাপ, দ্বিতীয় বাহকের দুটি সংলাপ, তৃতীয় বাহকের দুটি সংলাপ এবং চতুর্থ বাহকের চারটি সংলাপ। ননুনা দেওয়া হল :

[প্রথম। ওরে একেন্ডা ভুঁই দে—তেবু যাতি নেগ্‌লো, হ্যাদি দ্যাক্, মোর কাঁদ ক্যাটে গেল তেবু যাতি নেগ্‌লো। দ্বিতীয়। হ্যাঁরা ও বেন্দা, বল্লি কথা কানে করিস নে, মেজো তালুই যে ভুঁই দিতে বল্‌চে—হল্লা, টানতি নেগ্‌লো দ্যাক্।] (৫/১)

ধ্বনি ব্যবহারগত বৈশিষ্ট্য

১. ট>ড(t>d) -ekhanta>ekenda, cartey>ceddey, eta>eda।

২. স্বরসঙ্গতির প্রভাব : এ>ই (e>i) ; যেমন—dite>diti।

৩. ধ>দ (dh>d) ; kyadh>kyad।

৪. ছ>চ (ch>c) ; bolche<bolce।

৫. এ>আ (e>d) ; eneche>anece।

৬. ছ>হ (ch>h) ; chyuclo>hyuclo।

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য

১. পাল্কী বেহারাদের ভাষায় 'হ্যাদিদ্যা' (=হ্যাদি+দ্যাখ্)।

২. ভুঁই দে (ইডিয়ম)=মাটিতে রাখ।

৩. অসমাপিকা ক্রিয়ায় '-ই' বিভক্তি। যেমন dhotti, ṭanti।

৪. সমাপিকা ক্রিয়ায় '-ইনি' প্রত্যয়। যেমন—গিইলি (giili)।

৫. হুল্লা, সমিন্দি, ওলাতি···শব্দের প্রয়োগ।

৬. চর্ > চেরো = পালা

৭. দিক্ = দেরি ; এখানে হয়েছে 'দ্রিং করিসনে'।

অন্বয়গত বৈশিষ্ট্য

সরল বাক্য : Sumundi kukurir mδto kyeu kyeu kotti negece



যৌগিক বাক্য : mor kyad kæṭe gælo, tebu jaṭi neglo

বাক্য$_১$ | বাক্য$_২$

বাহকদের ভাষায় কোনো জটিল বাক্য নেই।

হাস্যরস সৃষ্টির জন্য প্রথম বাহকের ভাষায় 'হোঁদোল কুতকুত'-এর নাম ভুলবশতঃ (নাট্যকারের ইচ্ছাকৃত) 'হাঁদালের গুঁতো' দেওয়া হয়েছে।

॥ ১০ ॥

লীলাবতী

'লীলাবতী' সিরিয়াস নাটক। উড়ে ভৃত্য রঘুয়া ছাড়া এই নাটকে উল্লেখযোগ্য কোনো নিম্নশ্রেণীর চরিত্র নেই। ভৃত্য ও দাসীর সংলাপই আলোচ্য এক্ষেত্রে। গুলিখোর, চরিত্রহীন হলেও নদেরচাঁদ জমিদারের ভাগনে। সুতরাং তাকে নিম্নশ্রেণীর চরিত্র বলা যাবে না। রঘুয়ার সংলাপ ওড়িয়া ভাষার। দীনবন্ধু কর্মসূত্রে উড়িষ্যায় ছিলেন। ওড়িয়া ভাষা তাঁর জানা ছিল।

(ক) "আপনাংকর লেখাপড়ি হ্যালানিটিংকি ? কর্ত্তাবাবু আউছন্তি। ··এ কঁড় ম : বাবুতো সেয়াং ওপরি দুশুচি। গুটে পাচড়া কদাড়ি হাতেরে হুয়াড়াকি।" (২।২)

বঙ্গানুবাদ : আপনাদের লেখাপড়া এখনো হল না ? কর্ত্তাবাবু আসছেন। এ কি, বাঃ !

এই বাবুকে তো একটা সঙের মতো দেখাচ্ছে। হাতে পাকা কলা থাকলে ভালো দেখাত। অর্থাৎ প্রকারান্তরে নদেরচাঁদকে বাঁদর বলা হচ্ছে।

মান্য চলিত ওড়িয়ায় এই সংলাপ রচিত। কিন্তু ভৃত্য চরিত্রের ভাষা এত শিষ্ট হওয়া অস্বাভাবিক। বর্তমান কালের কথ্য বুলিতে ভাষাটি এই রকম হবে ঃ

"কনং আপনমনকার লিখাপড়া হৈলা ? বড় কর্তা আসুছন্তি। একহনং বাঃ। ইয়াকু কিমাত সং বলিয়া লাগুচি। ইয়ার হাতেরে গুটিয়ে পাচিলা কদলি রহিথিলে আর্ডরি ভল দেখিথান্ত।"

(কটক অঞ্চলের ভাষা)

The Origin and Development of Bengali Language গ্রন্থে আচার্য সুনীতিকুমার ওড়িয়া ভাষার সঙ্গে বাংলার ভাষার সাদৃশ্য দেখিয়েছেন। বঙ্গ-অসমীয়া-ওড়িয়া তিনটি ভাষাই মাগধী অপভ্রংশ থেকে সৃষ্ট।[১৪] ওড়িয়া ভাষার বাক্যগঠন কর্তা কর্ম ক্রিয়া (S.O.V.) ধরণের। দীনবন্ধু রঘুয়ার ভাষার একটি শব্দ ('দ্বারী') নিয়ে কৌতুক সৃষ্টি করেছেন। বাংলায় দ্বারী শব্দের অর্থ দ্বাররক্ষক। ওড়িয়ায় 'দ্বারী' বোঝায় বারাঙ্গনাকে। যজ্ঞেশ্বর যখন রঘুয়াকে বলে, "দ্বারীকে বলো আমায় বাড়ীর ভেতর যেতে দেয়" তখন ওড়িয়া শব্দটির অর্থ বুঝে ক্ষেপে গিয়ে সে বলে ঃ "দ্বারী তোর মাইপো সড়া মিচ্ছ গোঁসাই, ভণ্ড, চোর, খল্ট, গোটায় মুথো মারি সড়ার নাক চেপ্পা করি দেবি—মতে গালি দেলু, কাঁই কি ?" (৩/৩)

॥ ১০ ॥

জামাই বারিক

কুলীন পাত্রে কন্যা অর্পণ করার সংস্কারকে ব্যঙ্গ করে এই প্রহসনটি রচিত। ব্যারাকে বসবাসকারী জামাইরা অকর্মা হলেও তারা জমিদারের জামাই। সুতরাং নিম্নশ্রেণীভুক্ত চরিত্র নয়। এই প্রহসনে নিম্নশ্রেণীর চরিত্র—হাবার মা, ভবিময়রানী, পাঁচী, চোর ইত্যাদি।

ভবির সংলাপ—"এটি নাতজামায়ের অন্যায়—কত হুমরোচুমরো ভাতার মেগের কথায় প্রদীপে তেল দেয়, মাগ্‌কে উঠতে দেয় না, বিশেষ শীতকালে।" (১/২)

হাবার মার সংলাপ—"আহা ! রাত পর দুইয়ের সময় লোকজন সব শুয়েছে, মাজের দরজায় চাবি পড়েছে, বাছারে ঘর থেকে বার করে দিয়ে খিল দিল, ও কি সামান্যি। ওর মত কল্পা মেয়ে বাপের কালে দেখিনি—দশটা পাঁচটা নয় একটা ভাতার, তার এই খর্‌ ছিক্‌ লো ছি—" (১/২)

সংলাপের ধ্বনিতত্ত্বগত বৈশিষ্ট্য

(ক) পদমধ্যস্থিত 'হ' লোপ (h>ɸ)—prohor>pôr

(খ) ছ>জ (jh>j)—majher>majer

(গ) ও>ই (o>i)– śamanno>śamanni

(ঘ) স্বরসঙ্গতি–o>u, a>e–uddog>ujjug, rate>rete

(ঙ) খ>ক (kh>k)—cokh>cɔk

(চ) homra comra—humro cumro

(ছ) p>k—dupur>dukur

রূপতত্ত্বগত লক্ষণ

(ক) সম্বোধনে 'লো', 'লা', 'হ্যাঁলা' শব্দ ব্যবহার—নারীর ভাষায়।

(খ) সমাপিকা ক্রিয়ায় সামান্য বর্তমানে -'ইচি' বিভক্তি। যেমন— \ kδr+-ici=korici।

(গ) অসমাপিকা ক্রিয়ায় 'ইয়ে' বিভক্তির '-ই' লোপ—tariyɛ>tarye।

(ঘ) গৌণকর্মে 'রে' বিভক্তি tore, amare।

(ঙ) নিষেধ অর্থে 'আটক' শব্দ ব্যবহার—"তার আর আটক কি?"

(চ) নিষেধার্থে 'না'-র বদলে 'নে' ব্যবহার—koriśne।

অন্বয়গত বৈশিষ্ট্য

সরল বাক্য : tui o to dojbδrer mag (১/২)



যৌগিক বাক্য : ami kδthaṭi paṛi ar kamini uṛye dæy



জটিল বাক্য :

amar bodh hδy ektu bharikki hole tor bhatarke tui bhalobaśbi

S_1 S_2 S_3

গঠন : S_1 + Connective$_1$ $(=\phi)$ + S_2 + Connective$_2$ $(=\phi)$ + S_3

॥ ১১ ॥

নিম্নশ্রেণীর চরিত্রের সংলাপে ব্যবহৃত অপশব্দ, বাগ্‌ধারা এবং উপমা

সাধারণতঃ শিষ্ট সাহিত্যে অপশব্দ ব্যবহৃত হয় না। কিন্তু নাটকীয় চরিত্রের মুখে যথাযথ ভাষা বসাতে গেলে অপশব্দ ব্যবহার করা চলে।

নীলদর্পণ নাটকে অপশব্দ

সুমুন্দি, মাগ, গোড়ার নীলি, শালা, খাল, ডবকা, মাগী, মিন্‌সে, ভাতার, গন্তানি, নচ্ছার,

আবাগী, হের, দামড়া, মান্নির ভাই, ছাবাল, হিরভিতি, গাঁতা, হেই, হেব্‌লো, আঁটকুড়ির ব্যাটা, ভ্যাকরা, ভাতারখাগী, দ্যাকমার, পোড়ারমুখ, হারামজাদী, গুখেকোর ব্যাটা, পোঁচা, বেচ্ছাপর, বেপালট, ভাইভাতারীর ভাই, প্যাট করে,··· ।

নবীন তপস্বিনী নাটকে বিস্তর অপশব্দ প্রয়োগ করেছে রাজমন্ত্রী জলধরের স্ত্রী। কিন্তু মন্ত্রীপত্নী বলে তার ভাষা বর্তমান আলোচনার অন্তর্ভুক্ত নয়।

সধবার একাদশী

ন্যাকরা, শালী, মাইরি, গুওটা, কাপ্‌টা, পরতাল, মাল, জোবর, ঘরের মাগ, নেমোখারাম।

বিয়ে পাগলা বুড়ো

মাগী, বাম্‌না, আঁস্তাকুড়ের পাত, পীরিতি, ভাতারের বাবা, আবাগের ব্যাটা, এঁড়ে শোর, বোনাই ভাতারী, ব্যাই ভাতারী, কুজ্জো,··· ।

লীলাবতী

বরাটে, মাগ, রাঁড়ীর মেয়, মাইরী, শালী, বিয়েন, গ্যাদারি, বোধিনং পাখ্‌খরা, শালীর বেটি, শুয়োর মুখো, কুন্‌কি,··· ।

জামাই বারিক

মাইরি, ভাতার, ধাড়ি, নেংটা, কল্লা, রনের ডোবা, চুলোর দোরে, হাড়াই ডোমাই, হতচ্ছাড়ি, শতেকখোয়ারি, দোজবরে ভাতারের মাগ, পোড়াকপালি, ড্যাকরা,··· ।

কমলেকামিনী নাটকে উল্লেখযোগ্য কোন নিম্নশ্রেণীর চরিত্র নেই।

বাগ্‌ধারা বা ইডিয়মের তালিকা

নীলদর্পণ

হাঁড়ি সিকেয় উঠবে (১/১), হাবাতেও ফকির হলো দেশেও মন্বন্তর হলো (১২), মড়ার উপর খাঁড়ার ঘা (১৩), ঘুঁটেকুড়ুনীর ছেলে সদর নায়েব (১/৩), মাছি মেরে হাত কাল (১/৩), বোকা ছাগলে ফ্যাবা মারে (১৪), কুঁদির মুখি বাঁক থাকবে না (২/১), সাচা কথা কবো, ঘোড়া চড়ে যাব (২/১), আহ্লাদে যে আর বাঁচিনেগা (২/১), হন্নে কুকুরের মতো ২/১), প্যাঁজ পয়জার দুই (২/১), চোরা না শুনে ধর্মের কাহিনী (২/৩), আপনার পায়ে আপনি কুড়ুল মারি (২৩), নীলের দাদন ধোপার ভ্যালা (২/৩), অরণ্যে রোদন (৩/৩), ও ঝ্যামন কুকুর তুই তেমনি মুগুর (৩/৩), ব্যাঙ্গের সর্দ্দি (৫/১), হাত পা প্যাটের মধ্যে গেল (৫/২), শুঁড়ির সাক্ষী মাতাল (১/২),··· ।

বিয়ে পাগলা বুড়ো

মুখখানি মেচোহাটা (১/১), তেলেবেগুনে জ্বলে উঠলে (১/১), মাতা খাবে (১/১), দ্যাল সাক্ষি (১/৩), কপাল ফিরচে (১/৩), শালী পনের আনমাগ (২/২), ধর্মের ষাঁড় (২/৩), মুখে আগুন (৩/৩), পাত্তরে পাঁচ কিল (২/২), ছাই ফেলতে ভাঙা কুলো (২/১)।

সধবার একাদশী

মাতা খাচ্চেন (১/২), কোটা বালাখানা করে ফেল্‌বো (২/২), গোল্লায় যাও (২/৩),

নিমতলার ঘাটে গিয়ে শোও (২/৩), বাপের কালে দেখিনি (২/৩), গোঁপে চাড়া দিয়ে (৩/১),··· ।

লীলাবতী

ঘাসের বিচি খাইনে (১/১), ঘাম দিয়ে জ্বর ছাড়ল (১/২), যমের বাড়ি যাও (১/২), হাবাতের অনেক দোষ (২/১),··· ।

জামাইবারিক

গুণের নিধি (২/১), অর্ধচন্দ্র আহার (৩/১), রক্তের টান (৪/৩) ।

ভগ্ন এবং অর্ধ-তৎসম শব্দ ও বিকৃত শব্দের তালিকা

লোকভাষার ক্ষেত্রে দেখা যায় যে নিজেদের মধ্যে সংযোগের জন্য লোকভাষাভাষীরা সাধারণত শুদ্ধ শব্দের ত্রুটিপূর্ণ উচ্চারণ করে। নাটকার স্বেচ্ছায় এই ভুল উচ্চারণ তুলে ধরেন ভাষাকে চরিত্রানুগ করার জন্য (Caeology)। লোকভাষা ব্যবহারকারীরা নিজেদের সাংস্কৃতিক জীবনবোধ থেকে লোক নিরুক্তি (Folk Etymology) ব্যবহার করে, নতুন ধাতু গঠন করে। এই ভাষা প্রাসঙ্গিক, প্রসঙ্গ বহির্ভূত নয়।

নীলদর্পণ

বচ্ছর (<বৎসর), কারকিত (<কারকৃত), সুমুন্দি (<সম্বন্ধী), নাড় (<রাঁড়), খ্যাদ (<ক্ষেদ), পরাণ (<প্রাণ), বাউ (<বাউটি), পঁইচে (<পেঁছা), কের্‌পা (<কৃপা), পত্তি (<প্রতি), পর্‌ণাম (<প্রণাম), পরকাশ (<প্রকাশ), গোন্দো (<গন্ধ), কামরাঙ্গা (<কামরা), মাছেরটক (<ম্যাজিস্ট্রেট), পিল (<আপীল), ম্যাদ (<মেয়াদ), হ্যাংনামা (<হাঙ্গামা), নড়ুই (<লড়াই), ফোজদুরি (<ফৌজদারী), তেরোনাল <তরোয়াল), নাঙ্গা পাকুড়ি (<রাঙা পাগুড়ী), অরপুরুব (<অপরূপ), গারনাল (<গভর্ণর), মামদো (<মহম্মদীয়), ব্যাভ্রম (<বিভ্রম), তিসেয় (<তৃষ্ণায়), খেঁটে (<খুঁটে<খুঁটি), মষির (<মাইশের), নেটেলা (<লাঠিয়াল), এমান (<ইমান), নাত্তি (<রাত্তে , নির্ব্যাধি (<নির্ব্যাধি), পত্তিবাসী (<প্রতিবেশী) ।

বিয়েপাগলা বুড়ো

বাম্‌নি (<ব্রাহ্মণী), কোম (<কম), ডুমনী (<ডোমনী), স্বপোন (<স্বপ্ন), অ্যাট্‌টা (<একটা), ট্যাং (<ঠ্যাং), পেত্যয় (<প্রত্যয়), পর্‌তম (<প্রথম) ।

সধবার একাদশী

কাপ্‌টে (<কৃপণ), পাল্যেন (<পারলেন), কচ্চো (<করছ), পের্‌লাউন (<প্রনাউন), মুচ্ছো (<মূর্ছা) ।

লীলাবতী

অতুচ্ছু (<তুচ্ছ), উড়ুনচড়ে (<উড়নচণ্ডী), অধৈর্য্য (<ধৈর্য্য), সম্পক্ক (<সম্পর্ক). জরিবানা (<জরিমানা) ।

জামাই বারিক

নুঠ (<লুট), কান্ট (<কাণ্ড), দুর্গি (<দুর্গা), ঠ্যাকারে (<ঠোক্কর)।

নবীন তপস্বিনী

জাড়া, একেণ্ডা, দ্রিং, হুঁচলো।

ধ্বন্যাত্মক শব্দ

হেড়াহেঁড়ি, হুল্লা, কেঁউ কেঁউ, কুচিকুচি, ধপ্‌ধপ্‌!

উপমা

উপমা প্রয়োগ কবি সাহিত্যিকদের প্রিয় বিষয়। মুখের ভাষাতেও উপমা ব্যবহারের প্রবণতা কারো কারো মধ্যে দেখা যায়! স্বল্পশিক্ষিত, অশিক্ষিত ব্যক্তি এবং গ্রাম্য লোকের কথায় উপমা প্রয়োগ লক্ষণীয়। নিম্নশ্রেণীর চরিত্রের ভাষায় বহুবিচিত্র উপমা ব্যবহার করেছেন দীনবন্ধু মিত্র। অনেক সময় হাস্যরস সৃষ্টির জন্য চাষীর মুখে ভুল উপমা বসিয়েছেন। তবে বক্তার চরিত্রের দিক থেকে উপমাগুলি কখনোই অসঙ্গতিপূর্ণ মনে হয় নি। বরং প্রায় সব চরিত্রের সংলাপে উপমার আশ্রয় নেওয়া একটা সার্বিক চরিত্র ফুটিয়ে তুলেছে। এখানে কয়েকটি দৃষ্টান্ত দেওয়া হল :

১. কি উঠানই ছিল, যেন ঘোড়দৌড়ের মাঠ, আহা। (নীলদর্পণ, ১/১)
২. তেষ্টায় যে ছাতি ফেটে গেল। (ঐ, ১/২)
৩. মোর গাডা কাঁটা দিয়ে ওটচে। (ঐ, ১/৪)
৪. গোডার পা খ্যান বল্‌দে গোরুর খুর! (ঐ, ২/১)
৫. মোরে কাল সাপের গত্তের মধ্যি একা রেকে গেলি। (ঐ, ৩/৩)
৬. নমীর আং বুঝি পোয়ালো, মোর সোনার পিত্তিমে জলে যায়! (ঐ, ৫/৩)
৭. প্যাট জ্বলি উঠলি খাতি চাও। (বিয়েপাগলা বুড়ো, ১/৩)
৮. বাসর ঘর রসের বৃন্দাবন। (ঐ, ২/২)
৯. বাবু ভিজে বাঁদরের মতো আস্তে আস্তে উঠে গেলেন। (সধবার একাদশী, ৩/১)
১০. সারু গছ মূলে ভেকো ছত্র দণ্ড ধরইতা। (লীলাবতী, ২/২)
১১. এত বুড়ি, তবু রসের ডোবা। (জামাই বারিক, ১/২)
১২. চুলগুলো যেন তেলে সাঁতার দিচ্চে। (ঐ, ৩/২)

॥ ১২ ॥

নঞর্থক বাক্য

নিম্নশ্রেণীর চরিত্রের মুখে নাট্যকার দীনবন্ধু কথা বলার বিভিন্ন টেকনিক ব্যবহার করেছেন। তাদের ব্যবহৃত বাক্যের কর্তা-কর্ম-ক্রিয়া (S.O.V.) প্যাটার্ন সর্বদা বজায় থাকে নি। এরা নানা

ধরণের নিষেধাত্মক বা নঞর্থক বাক্য বলেছে। সংলাপ বিশ্লেষণের ক্ষেত্রে এই না-বোধক বাক্যগুলিকেও আলোচনার আওতায় আনা দরকার।

বাংলা ভাষায় নিষেধ বাক্য কতরকম হতে পারে তার একটা ছক দেওয়া যেতে পারে :



বাক্য ব্যবহার না করে বিভিন্ন শব্দ বা শব্দখণ্ড এবং অঙ্গভঙ্গি দ্বারাও নঞর্থক মনোভাব বোঝানো যেতে পারে। সেক্ষেত্রে নীচের ছকটি উল্লেখযোগ্য :



নঞর্থক বাক্যে গঠিত সংলাপ

১. আমি তখনি বলেছিলাম, কর্তা মহাশয়, আর এদেশে থাকা **নয়**, তা আপনি শুনলেন না। (নীলদর্পণ ১/১)

২. এখন তো আর সুখের বাস নাই। (ওই / ১/১)

৩. তিন বৎসর **হয়নি** সাহেবের পত্তনি হয়েছে। (ওই / ১/১)

৪. দক্ষিণ পাড়ার মোড়লের বাড়ির দিকে চাওয়া যায় না আহা। (ওই ১/১)

৫. গেল সন গোয়াল সারিতে না পারায়……। (ওই / ১/১)

৬. ধানের ভুঁয়ে নীল করে নি বল্যে……। (ওই / ১/১)

৭ ঝুলি নি ভিক্ষে করে খাব তবু এ গাঁয়ে আর বসত্ করব না। (ওই ১/১)

৮. *সে দিনে সাহেব বল্লে, "যদি তুমি আমিন খালাসীর কথা না শোনো, আর চিহ্নিত জমিতে নীল না কর, …," …তাহাতে বড়বাবু কহিলেন, "আমার গত সনের ৫০ বিঘা নীলের দাম চুকাইয়ে না দিলে এ বৎসর এক বিঘাও নীল করিব না, …। (ওই / ১/১)

৯. আপনারা নাবাখাবা করবেন না ? (ওই / ১/১)

১০. নতুবা আমি মারা যাই। (ওই)

১১. শালা কোন মতেই শোন্লে না। (ওই / ১/২)

১২. যদি না ছাড়ে …। (ওই / ১/২)

১৩ আর দেরি নেই। (ওই)

১৪ কাকিমারে দেখতি যাবা না ? (ওই)

১৫. তা কিছুতেই শোন্লে না। (ওই)

১৬. আহা, জমি তো না, য্যান সোনার চাঁপা। (ওই)

১৭. না খাতি পেয়ে মর্বো। (ওই)

১৮. …তাতে তো ফলন নাই। (ওই)

১৯. তুই কাঁদিস নে। (ওই)

২০. তা, কিছুতেই শোন্লে না। (ওই)

২১. নীলের গাদন বল্যে ভাল হয় না ? (ওই)

২২. না খেয়ে সাহেবের কুটি যাবে—। (ওই)

২৩. নাতিও পালাম না, খাতিও পালাম না। (ওই / ১/৩)

২৪. মেয়েডা গড় কল্লে, তা বাঁচো মরো একটা কথাও কলে না। (ওই / ১/৪)

২৫. মুই তো আর একা বেরোব না। (ওই)

২৬. …প্যাঁজির গোন্দো সইতে পারি নে। (ওই)

২৭. তা নইলি মেয়ে নাতি দিয়ে মুখ ভেঙ্গে দেতাম। (ওই)

২৮. দাড়ি প্যাঁজ না ছাড়লি মুই তো কখনুই যাতি পারবো না। (ওই)

২৯. যদি মোর সঙ্গে না পেটয়ে দিস,…। (ওই)

৩০. মা, জান না, নয়দারা রাজি নামা দিতি চাইনি বল্যে…। (ওই)

৩১. না মা, সে আকিই নীলির ঘায়ে পাগল, …। (ওই)

৩২. তা বুঝি বড়বাবু শুনিনন্ন। (ওই)

---

* একটি নাট্য সংলাপের মধ্যে অন্য দুটি চরিত্রের প্রত্যক্ষ উক্তি বসানো হয়েছে। অর্থাৎ একসঙ্গে তিনটি direct speech পাওয়া যাচ্ছে।

৩৩. না কি এ ম্যাদের পিল হয়না (ওই)

৩৪. ম্যারে ক্যান ফ্যালায় না, মুই নেমোখ্যারামি কত্তি পারবো না। (ওই / ২/১)

৩৫. মুই তো কখনুই পারবো না —জান্ কবুল। (ওই)

৩৬. কুঁদির মুখি বাক্ থাকবে না। (ওই)

৩৭. মোদের চকি কি আর চামড়া নেই না মোরা কি বড় বাবুর নুন খাই নি তা করো কি, সাক্ষী না দিলি যে আস্ত রাখে না। (ওই / ২ / ১)

৩৮. ···নীল কল্লাম না বল্লি তো খাটবে না। (ওই ২/৩)

৩৯. ভাবনাপুরীর সাহেব তো মিছে হ্যাংনামা করে না। (ওই)

৪০ সব সমিন্দি যদি ঐ সমিন্দির মত হতো, তাহলি সমিন্দি গার এত বদনাম নট্তো না। (ওই)

৪১. আহ্লাদে যে আর বাঁচি নে গা। (ওই)

৪২. কুটি খাতি যাই নি। (ওই)

৪৩. আর সমিন্দির নীল মাম্দো ঘাড়ে চাপতি পারবে না। (ওই)

৪৪. মাম্দো ভূতে পালি নাকি ওঝাতে ছাড়ে না ? (ওই)

৪৫. নচা কথা সোমোজ কত্তি পারে না। (ওই)

৪৬. কিছুই জানতি পাল্লাম না। (ওই)

৪৭. সাহেবের তো ট্যাকার কমি নি, ওর তো আর মহাজন কত্তি হয় না। (ওই)

৪৮. নিজ না চসতি পারিস মেই-দার রাখ ··· গাঁ কে গাঁ ক্যান চসে ফ্যালনা। (ওই)

৪৯. ···দাদনের হাত ছাড়াতে পারি নি। (ওই)

৫০. উপপতি করিছি বলে কি আমার শরীরে দয়া নেই। (ওই / ২/৩)

৫১. আমারে দিয়ে হবে না। (ওই)

৫২. ···তোর কাছে কিছু চাব না। (ওই)

৫৩. পদ্মমুখি রাগ করিস নে। (ওই)

৫৪ সাহেবদের লুট বই আর কায নাই। (ওই)

৫৫. ছি বাবা কেশব, পিসি হই এমন কথা বলে না। (ওই)

৫৬. চোরা না শুনে ধর্মের কাহিনী। (ওই)

৫৭. মুই উপপতি কত্তি কখনুই পারবো না। (৩/৩/ ওই)

৫৮. ···য্যান্ বিবির পোষাক পরতি না হয়। (ওই)

৫৯. মুই বাড়ি গিয়ে না নেয়ে তো ঘরে যাতি পারবো না। (ওই)

৬০. মুই একা যাতি পারবো না। (ওই)

৬১ ময়রা পিসি যাস নে···। (ওই)

৬২. মার্ না মোর প্রাণ বার করো ফ্যাল না,* আর যে মুই সইতে পারি নে। (ওই)

৬৩. কই শালা গ্যাড ম্যাড করে জুতার গুতো মারিস্ নে ? (ওই)

---

* ব্যাকালঙ্কার অব্যয়

৬৪. পেল্‌য়ে গেলে তো কিছু কত্তি পারবা না, মরার বাড়া তো গাল নেই। (ওই)

৬৫. মোরা আর ওনাদের খবর আকি নে ? (ওই, ৫/১)

৬৬. ···মুই বড়বাবুরি অ্যাকবার বাঁচাত্তি পাল্লাম না। (ওই, ৫/২)

৬৭. খোদার জীব পরাণে মাত্তাম না। (ওই)

৬৮. এই যে, দুর ছাই মনেও আসে না—হাঁদোলের গুতো। (নবীন তপস্বিনী, ৫ ১)

৬৯. রাজীব মুখুয্যে না মলে দেশের নিস্তার নাই। (বিয়ে পাগলা বুড়ো, ১ ১)

৭০. আমায় দেখতে পাই নি। (ওই)

৭১ আমরা যদি ভাল পরীক্ষা না দিতে পারি···। (ওই)

৭২. মুই ও নামডা ধত্তি পারি নে। (ওই ১/৩)

৭৩. দাঁড় থাক্‌লি কি মোরে বিয়ে কত্তি পারে না ? (ওই)

৭৪. বুড়ো যে আজি হয় না। (ওই)

৭৫. তেল নুন আবালে খাতি পাচ্চি নে। (ওই)

৭৬. শুয়োরের মাংস কলি না পেত্যয় যাবা···। (ওই)

৭৭. কত মেয়ে কত্তি পারিনে। (ওই, ২ ৩)

৭৮ মাইরি, আমি ঐজন্য আসিনে। (সধবার একাদশী, ১/১)

৭৯ তুই আমায় বেটি বেটি করিস নে বল্‌চি। (ওই)

৮০. আমরা নাচতে জানি নে, গাইতে জানি নে, কথা কইতে জানি নে, কিসে ওঁর মনোরঞ্জন করবো ? (ওই)

৮১ বাবুর হিসেবও নেই, কিতেবও নেই। (ওই, ২/২)

৮২. বাবুর মন্দ বল্‌বের যো নাই। (ওই)

৮৩. আপনাংকর লেখাপড়ি হ্যাজানিটিকি ? (লীলাবতী, ২ ২)

৮৪. কেবে ছাড়ি দেঁব না। (ওই, ৩/৩)

৮৫. অমন্‌ কথা বলিস্‌ নে। (জামাই বারিক, ১/২)

৮৬. ভাতার যে তোর মনে ধরি নি। (ওই)

৮৭. বল্‌ না ভাই। (ওই)

৮৮. মেজ্‌ দিদি মনে বড় ব্যথা পেলে, না ? (ওই)

৮৯ তা আর দিতে হয় না। (ওই)

৯০. জামাইবাবু আর আসেন নি। (ওই)

৯১. আর নাকি আসবে না ? (ওই)

৯২. মরিস্‌ নে কেন ? (ওই)

৯ ·. তোর না তো কি আমার, না হাবার মার ? (ওই)

৯৪. এবার এলে আর গ্যাদা করে হতচ্ছেদ্দা করিস্‌ নে। (ওই)

৯৫ সত্যিরে হাবার মা কামিনী তোকে বাঁদী বলে নি। (ওই)

৯৬. নাচ্‌বো না তো কি ? (ওই)

৯৭. কেমন নতুন পীরিত কল্লি বল্‌ না ? (ওই)

৯৮. সতীন যেন হয় না। (ওই)

৯৯ মাইরি, দিদি আমি কিছু খাওয়াই নি। (ওই)

১০০. হাড়াই ডোমাই ভাল দেখায় না। (ওই)

—এই ১০০টি নঞর্থক বাক্য ছাড়াও কিছু নঞর্থক বাক্য আছে। ১০০টি বাক্যের মধ্যে—

ক্রিয়ার পরে 'না'	—	৮২
ক্রিয়ার আগে 'না'	—	১৩
বাক্যালংকার অব্যয় 'না'	—	০৬
নতুবা / নয়তো শব্দ	—	০২
নিষেধার্থক না, নয়, নেই	—	০৪
অনুপস্থিত অর্থে নেই / নাই	—	০৭
প্রশ্নাত্মক 'না'	—	১২
	মোট	১২৬টি নঞর্থক শব্দ

॥ ১৩ ॥

নিম্নশ্রেণীর চরিত্রের সংলাপ সৃষ্টিতে দীনবন্ধু যে নৈপুণ্য দেখিয়েছেন তা বাংলা নাটকে প্রথম নয়। মধুসূদন তার আগেই বিখ্যাত প্রহসনদুটিতে নিম্নবর্ণের মানুষের ভাষা হুবহু তুলে ধরেছেন। নাট্যসংলাপ বিচারের একটি নান্দনিক দৃষ্টিভঙ্গি রয়েছে। বর্তমান আলোচনা শুধুমাত্র ভাষাতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে কৃত। আলোচনার শীর্ষনামেই এর সীমারেখা চিহ্নিত হয়ে গেছে বলে অনেক চরিত্রের ভাষা অনালোচিত থেকে গেল। তবে বিস্তৃত আলোচনার অবসর ও আলোচক যথেষ্টই বর্তমান।

মধুসূদনের প্রহসনদুটিতে নিম্নশ্রেণীর চরিত্রের ভাষা যথাযথ ও চরিত্রানুগ। প্রহসনদুটিতে বিভিন্ন সমাজের ভাষা রয়েছে।



আমরা 'একেই কি বলে সভ্যতা'-র সার্জেন্টের ভাষার সঙ্গে 'নীলদর্পণ'-এর উড ও রোগ সাহেবের ভাষা তুলনা করছি। প্রহসনে একটি দৃশ্যে কিছুক্ষণের জন্য সাহেব সার্জেন্টকে দেখা গেছে। তার বারোটি সংলাপ রয়েছে। নীলদর্পণ-এর মোট আঠারোটি নাট্যদৃশ্যের ছয়টিতেই নীলকর সাহেবদের পাই সবাক অবস্থায়। অর্থাৎ নাটকে তাদের উপস্থিতি শতকরা তেত্রিশ ভাগ। উড ও রোগের মোট সংলাপ আটচল্লিশটি।

পুলিশ সার্জেন্ট কলকাতা শহরের বাসিন্দা। তার ভাষায় ইংরেজী ও বিকৃত হিন্দী শব্দ রয়েছে কিন্তু একটিও বাংলা শব্দ নেই। উড ও রোগের ভাষায় সাধু বাংলা ও হিন্দী শব্দই বেশী। কারণ তারা চাষীদের সঙ্গে কারবার করে। চাষীরা ইংরেজী বুঝবে না।

সার্জেন্টের ভাষা : "সো নেই হোগা, টোম্ ঠানেমে চলো-কিয়া? টোম্ যাগে নেই? আলবট যানে হোগা। (১২)

নীলকরের ভাষা :

উড। তুমি শালা বড় নালায়েক আছে। স্বরপুরে, শ্যামনগর, শান্তিঘাটা এ তিন গাঁয়ে কিছু দাদন হলো না। শ্যামচাঁদ বেগোর তোম্ দোরস্ত হোগা নেই। (১/৩)

রোগ। ইনফরন্যাল বিচ। ···এইবার তোমার ছেনালি ভঙ্গ হইবে। (৩৩)

শুধু গালাগালি দেওয়ার সময় নীলকররা কিছু ইংরেজী শব্দ ব্যবহার করেছে। 'সধবার একাদশী'-তেও পুলিশ সার্জেন্টের ভাষা রয়েছে—

[সার্জেন্ট –What is the matter with you ?

সার্জেন্ট—টোম্ কোন্ হায় ?

সার্জেন্ট—I will drown you in the Hoogly.

সার্জেন্ট—জলদি উঠাও।]

এখানেও কোনো বাংলা শব্দ নেই। 'একেই বলে সভাতার' সার্জেন্টের ভাষা ও 'সধবার একাদশী'র সার্জেন্টের ভাষা হুবহু এক।

বুড়ো শালিকের ঘাড়ে রো-র হানিফ গাজীর ভাষার সঙ্গে সাদৃশ্য রয়েছে 'নীলদর্পণ'-এর তোরাপের ভাষার। হানিফের বারোটি সংলাপ রয়েছে।

[হানিফ। এমন গরুখোর হারামজাদা কি হেঁদুদের বিচে আর দুজন আছে? শালা রাইওৎ বেচারীগো জানে মারে, তাগোর সব লুটে লিয়ে, তারপর এই করে। আচ্ছা, দেখি, এ-কোম্পানির মুলুকে এনছাফ আছে কিনা। বেটা কাফেরকে আমি গরু খাওয়ায়ে তবে ছাড়বো। বেটার এতবড় মকদ্দুর। আমি গরীব হলাম বল্যে বয়ে গেল কি? (২/১)]

হানিফ ও তোরাপের ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য প্রায় এক। উভয়ের দুটি সংলাপ তুলে দেওয়া হল :

[হানিফ। আরে থোও ম্যানে, ঠাহুর। আমার লহু গরম হয়ে উঠ্তেছে, আর হাত দুখানা যেন নিস্পিস্ কত্তেছে,—একবার শালারে এখন পালি হয়, তা হলি মনের সাধে তারে কিলয়ে গেরাম ছাড়্যে যাব, আর কি? (২/২)]

[তোরাপ। দুত্তোর প্যারেকের মার প্যাট করে, লো দেখে গাড়া মোর ঝাঁটি মেরে ওটুচে।

উঃ কি বলবো, সমিন্দির অ্যাকবার ভাতারমারির মাঠে পাই, এম্‌নি থাপ্পোর ঝাঁকি, সমিন্দির গাবালিকে আসমানে উড়বে দেই, ওর গ্যাডম্যাড করা হের ভেতর দে বার করি। (২/১)

হানিফের ভাষায় তার ধর্ম বোঝাতে আরবী ফার্সী শব্দ ব্যবহৃত হয়েছে। তোরাপের ভাষাতেও তা আছে। উভয়েই কৃষক সমাজের প্রতিনিধি। তোরাপের ভাষায় তার রাগ যতটা প্রকাশ পেয়েছে হানিফের ভাষায় ততটা প্রকাশ পায়নি। অথচ তার রাগ আরো বেশি হওয়া উচিত ছিল। কারণ তার বিবির ওপর জমিদারের দৃষ্টি পড়েছে। তোরাপের তুলনায় হানিফের ভাষা মার্জিত। কিন্তু তোরাপ প্রাণ খুলে গালাগালি দিয়েছে। লক্ষণীয় যে তোরাপ যখন তার সমশ্রেণীর লোকের সঙ্গে কথা বলছে (অর্থাৎ sender ও receiver একই সামাজিক শ্রেণীভুক্ত) তখন মুখ খারাপ করেছে বেশি। কিন্তু হানিফ তার সমশ্রেণীর লোকের সঙ্গে কথা বলছে না বিবি ফতেমা ছাড়া)। সেক্ষেত্রে তার ভাষা কিছু মার্জিত হওয়া স্বাভাবিক। তবু হানিফের তুলনায় তোরাপের ভাষা বেশি প্রাণবন্ত।

দীনবন্ধু মধুসূদনের ভাষা দ্বারা প্রভাবিত হয়েছিলেন এমন কোনো সিদ্ধান্ত আমরা নিচ্ছি না। কিন্তু পূর্ববর্তী নাট্যকারের রচনার সঙ্গে তিনি নিশ্চয়ই পরিচিত ছিলেন। প্রায় একই সময় রচিত বলেও যুগভাষা হিসেবে নিম্ন শ্রেণীর চরিত্রের ভাষায় সাদৃশ্য থাকতে পারে।

টীকা ও উৎস নির্দেশ

১. "...expression of the meaning in words, and its essence is the same both in verse and prose" [*Aristotle's Poetics* / W. Bywater]

২. "...but the decision between verse as a whole and prose as the most suitable medium for tragedy remains to be taken." [A. Nicoll / *The Theory of Drama* / p. 140 / Ed. 1969]

৩. "Do not overemphasize dialogue. Remember that it is the medium of the play, but not greater than whole" [Lajos Egri / *The Art of Dramatic Writing* / New York, 1963 / p. 243]

৪. "কোন ভাষা সম্প্রদায়ের অন্তর্গত ছোট ছোট দলে বা অঞ্চল বিশেষে প্রচলিত ভাষা ছাঁদকে উপভাষা (dilect) বলে।" [সুকুমার সেন / 'ভাষার ইতিবৃত্ত' / সং. ১৯৬১ / পৃ. ০৫]

৫. "দ্বিবিধ হি দোষঃ—কবেরব্যুৎপত্তি কৃতোঽশক্তি কৃতশ্চ।" ['ধ্বন্যালোক', ৩/৬]

৬. দ্র. : হেমেন্দ্রনাথ দাশগুপ্ত / 'গিরিশ প্রতিভা' / পৃ. ৫৮ / সং. ১৩৩৫ বঙ্গাব্দ।

৭. "ইহার নামই ভাষা।...এ কেবল চাষার ভাষাই নয়, এ-ভাষার শব্দগ্রহণে মনুষ্যহৃদয়ের আদি ভাষাকে বাংলারীতির মধ্যে বাঁধিয়া দিতে হইয়াছে।" ['আধুনিক বাংলা সাহিত্য' / মোহিতলাল মজুমদার / ৭ম সং. / পৃ. ১৩৭-৩৮]

এবং

"...নীলদর্পণ-এর কেবল উচ্চশ্রেণীর চরিত্রগুলির উৎকট সাধু ভাষাই নহে, নিম্নশ্রেণীর চরিত্রগুলির গ্রাম্য ভাষাও কৃত্রিমতা দোষে দুষ্ট।" [প্রমথনাথ বিশী / দ্বিতীয় উদ্ধৃতি, উৎস : ড. নির্মলেন্দু ভৌমিক সম্পাদিত 'নীলদর্পণ']

৮ "যে বাক্যে একটিমাত্র উদ্দেশ্য ও একটিমাত্র বিধেয় থাকে (সমাপিকা ক্রিয়া), তাহাকে সরল বাক্য বলে,... ।" [সুনীতিকুমার চট্টোপাধ্যায় / 'ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' / সং. ১৯৪২ / পৃ. ৪৩৩]

৯. "দুইটি বা দুইয়ের অধিক সরল, মিশ্র অথবা সরল ও মিশ্র বাক্যকে সংযোজক অথবা প্রতিষেধক অব্যয়ের সাহায্যে সংযুক্ত করিয়া, একটি দীর্ঘ প্রস্তাব বাক্যবৎ গঠিত করিয়া লইলে, যৌগিক বা সংযুক্ত বাক্য হয়।" [ওই / পৃ. ৪৩৫]

১০. "কোনও কোনও বাক্যে উদ্দেশ্য এবং বিধেয় (অর্থাৎ কর্তা ও সমাপিকা ক্রিয়া) যুক্ত মুখ্য অংশ ব্যতীত এক বা একাধিক খণ্ড বাক্য বা বাক্যাংশ থাকে। এই অপ্রধান অংশ, প্রধান বাক্যেরই অংশ বা অঙ্গস্বরূপ হয়, হয় ইহাতেও সমাপিকা ক্রিয়া থাকে না ; না হয় ইহাতে সমাপিকা ক্রিয়া থাকিলেও যে, যেরূপ, যেমন প্রভৃতি পদ বা অব্যয়ের মুখবন্ধ বা সহায়তায় ইহা উপস্থাপিত হয়, এবং এই হেতু সমাপিকা ক্রিয়া সাকাঙ্ক্ষ বা অসমাপ্তই হয়, প্রধান বাক্যাংশেই অর্থপূর্তি ঘটে—এইরূপ বাক্যকে মিশ্র বা জটিল বাক্য বলে।" [ওই / পৃ. ৪৩৩]

১১. "A sentence containg two or more main clauses and atleast one subordinate clause is called a compound-complex sentence." [Gleason, H. A. / *Linguistics and English Grammar* / 1965, p. 332]

১২. দ্র. : ড. উদয়কুমার চক্রবর্তী / 'বাংলা বাক্যের পদগুচ্ছের সংগঠন' / ১৯৯২ / পৃ. ১৩১।

১৩. গঠনতাত্ত্বিক আলোচনায় Bloomfield 'অব্যবহিত উপাদান' নির্ধারণের ক্ষেত্রে আন্বয়িক (syntractic constituents)-এর কথা বলেছেন। কিন্তু এর সীমাবদ্ধতা রয়েছে। যেমন—প্রশ্ন : ki khabe ?

উত্তর : śδndeś—rδśogolla—doi.

I. C. অনুযায়ী সাজালে উত্তরবাক্যটির ব্যাকরণসম্মত বিভাজন করা সম্ভব হচ্ছে না।

(ক) śandeś rδśogolla | doi



(খ) śδndeś | rδśogolla doi



এর কোনোটিই সঠিক নয়। সুতরাং পরস্পর সম্পর্কযুক্ত খণ্ডে বিভক্ত করতে গেলে দুয়ের

বেশী শ্রেণী নেওয়া ছাড়া উপায় নেই। [দ্র. : Hockett, Charles F. / ***A Course in Modern Linguistics*** / 1958 / p. 154-55]

১৪. "আদিতে এই তিনটি এক ত্রিবেণীর অন্তর্গত ছিল। দ্বাদশ-ত্রয়োদশ শতাব্দীর পর হইতে ওড়িয়া ধারা দূরে সরিতে থাকে।" ['ভাষার ইতিবৃত্ত' / সুকুমার সেন / ৯ম সং / পৃ. ১৩৪]

১৫. "যে শব্দ উপভাষায় মূল ভাষার রূপ হইতে বিকৃত অথবা কিছু পরিবর্তিত হইয়াছে এবং যাহা সাহিত্যে অপ্রযুক্ত তাহাকে বলে অপশব্দ।" [সেন, সুকুমার / 'ভাষার ইতিবৃত্ত' / ৯ম সং. / পৃ. ১২]

১৬. দ্র. : ড. পবিত্র সরকার / বাংলা ভাষায় নিষেধাত্মক উপাদান (নিবন্ধ) / 'যা. বি. বাঙলা পত্রিকা' / ১৯৮৫ / পৃ. ৪৩]

গ্রন্থসূচী

১. 'ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' / সুনীতিকুমার চট্টোপাধ্যায় (রূপা পাবলিকেশন)।

২. 'ভাষার ইতিবৃত্ত' / সুকুমার সেন (ইস্টার্ন পাবলিশার্স)।

৩. 'বাংলা ভাষা পরিক্রমা' / পরেশচন্দ্র মজুমদার (সারস্বত লাইব্রেরী)।

৪. 'ভাষা পরিকল্পনা ও সমাজভাষাতত্ত্ব' / মনসুর মুসা (বাংলা একাডেমি, ঢাকা)।

৫. 'বাংলা নাটকের বিবর্তন' / সুরেশচন্দ্র মৈত্র (ক্যালকাটা বুক হাউস)।

৬. 'উনিশ শতকের নাট্য বিষয়' / দর্শন চৌধুরী (পুস্তক বিপণি)।

৭. 'দীনবন্ধু মিত্রের নাট্য সমীক্ষা' / ভবানীগোপাল সান্যাল (মডার্ন বুক এজেন্সী)।

৮. 'বাংলা বাক্যের পদগুচ্ছের সংগঠন' / উদয়কুমার চক্রবর্তী (প্রমা প্রকাশনী)।

৯. 'দীনবন্ধু মিত্র' / সুশীলকুমার দে (এ. মুখার্জী অ্যান্ড সন্স)।

১০. 'দীনবন্ধু রচনাবলী' (স্বাক্ষরতা প্রকাশন)।

১১. 'মধুসূদন রচনাবলী' (হরফ প্রকাশন)।

১২. 'লোকভাষা' / আশিস দে ও সনৎ মিত্র সম্পাদিত (পুস্তক বিপণি)।

১৩. ***The Art of Dramatic Writing*** / Lajos Egri (New York, 1963).

১৪. ***Language*** / L. Bloomfield (New York, Henry, Holt & Co.).

১৫. The Languages of Calcutta (1760-1840) / T. W. Clerk (***Bulletin of the School of Oriental & African Studies***).

রবীন্দ্র সাহিত্য ও মুসলমান প্রসঙ্গ

লায়েক আলি খান

প্রায় আক্রমণাত্মক ভঙ্গিতে ওপার বাংলার সমালোচক রবীন্দ্রসাহিত্যে মুসলমান অনুষঙ্গের ব্যাপারে রবীন্দ্রনাথ সম্বন্ধে লিখেছেন ঃ

"অপ্রীতিকর হলেও নির্মম সত্য, রবীন্দ্রনাথ একদিক দিয়ে আমাদের নিরাশ করেছেন। তাঁর খাস বাবুর্চি ফটিক সেখ অসংখ্য দিনমজুর মুসলমান প্রজা থেকে মাওলানা জিয়াউদ্দিন ও মাওলানা আবুল কালাম আযাদের মতো মুসলিম মনীষার সঙ্গে তাঁর অন্তরঙ্গ পরিচয় লাভ হয়েছে ; ইসলাম ও মুসলমান সমাজের সদর অন্দর সবকিছু ছিল তাঁর নখদর্পণে। তাছাড়া তাঁর প্রত্যক্ষ পরিচয় ছিল সাদী, রুমী, জামী হাফিজের কাব্যসাহিত্যের সঙ্গে, তিনি পারস্যদেশও সফর করেছিলেন এবং সে দেশের বিগত মুসলিম সাধক ও মনীষীদের সম্বন্ধে জ্ঞানও আহরণ করেছিলেন। তবুও ইসলামের কোনো মহৎ শিক্ষা মুসলমান সমাজের কোনো মহৎ ব্যক্তিত্ব, কোনো চিত্র বা চরিত্র তাঁকে স্পর্শ করেনি। তাঁর কবিমানসকে উদ্বুদ্ধ করেনি কবিতার বাণীমূর্তিতে বিকশিত করতে। ……এর কারণ নির্ণয় মোটেই দুরূহ নয়। তাঁর কবি প্রতিভার অরুণপর্বে হিন্দু উগ্রজাতীয়তার বিকাশ তাঁকে প্রভাবিত করেছে ; বঙ্কিমচন্দ্রের সাহিত্যে সাম্প্রদায়িকতার বিষ ছড়ানোর নীতি শিরোধার্য করে তিনি লিখেছেন 'দুরাশা' গল্প 'হোলিখেলা' 'বন্দীবীর' কবিতা ; হিন্দু জাতীয়তার বোধন মন্ত্র গেয়েছেন শিবাজী উৎসব কবিতায়'।[১] এজাতীয় মন্তব্যের দ্বারা উত্তেজিত না হয়ে আমাদের স্থিরভাবে বিবেচনা করতে হবে সামগ্রিক রবীন্দ্রনাথকে।

সমগ্র রবীন্দ্রসাহিত্যে মুসলমান সমাজজীবন ও চরিত্র তুলনামূলকভাবে কম হলেও একথা স্বীকার করতে হবে, রবীন্দ্রনাথই ভারতবর্ষীয় তথা বাঙালী মুসলমান সম্বন্ধে সবচেয়ে বেশী সুবিচার করেছেন। রবীন্দ্র প্রবন্ধে মুসলমান সমাজ প্রসঙ্গে একাধিক আলোচনা আছে। ভারতবর্ষের সমাজ ও রাজনীতিতে মুসলমানদের ভূমিকা, হিন্দুদের মুসলমান সমাজ সম্বন্ধে মনোভাব নিয়েও যথেষ্ট যুক্তিপূর্ণ বক্তব্য রেখেছেন রবীন্দ্রনাথ। তবে প্রবন্ধের মতো উপন্যাসগুলিতে এই সমাজের কথা এত বিস্তৃতভাবে উপস্থিত করার অবকাশ ছিল না। 'ঘরেবাইরে' 'চতুরঙ্গ' কিংবা 'গোরায়' সংক্ষিপ্ত উল্লেখ মাত্রেই সমাপ্ত হয়েছেন রবীন্দ্রনাথ। নিরপেক্ষ দৃষ্টিতে এর কারণ অনুসন্ধান প্রয়োজন।

রমেশচন্দ্র ও মোশারফ হোসেনের পর ইতিহাসাশ্রয়ী উপন্যাসের স্রোত কিছুটা মন্দীভূত হয়ে পড়লে সামাজিক উপন্যাসগুলিই ক্রমশ জনপ্রিয় হয়ে উঠলো ! রবীন্দ্রনাথও 'বৌঠাকুরাণীর হাট' (১৮৮৩) ও 'রাজর্ষি'তে (১৮৮৭) ইতিহাসের দিগ্বলয়ে কাহিনী বয়নের চেষ্টা করেই বর্জন করলেন। প্রায় ২১ বছর পরে ছোটোগল্পের নব-নিরীক্ষা শেষে আবার কথাসাহিত্যের এলাকায়

তিনি উপস্থিত হলেন 'চোখের বালি'র সামাজিক সমস্যা নিয়ে, আর অবশ্যই তা 'বিষবৃক্ষ' কিংবা 'কৃষ্ণকান্তের উইলের'ই ঐতিহ্যানুসারী। এবং উপন্যাসে তিনি নির্বাচন করেছেন মূলত সমাজ নয়, মানুষ, ঘটনা নয়, চরিত্র, 'চোখের বালি'র ভূমিকায় যে উদ্দেশ্য ঘোষণা করেই বাংলা উপন্যাসের মোড় ফেরার ঘণ্টাধ্বনি শুনিয়েছিলেন তিনি। বলাবাহুল্য, সেসব মানুষ সমাজের এক বিশিষ্ট উচ্চশ্রেণীর অধিবাসী। ভদ্র, এটিকেটযুক্ত, শিক্ষিত, নাগরিক মননঋদ্ধ মানুষ। এদের অন্তর্গত সমস্যা কোনো ধর্মীয় গণ্ডীর নয়, এসব ক্ষেত্রে তিনি হিন্দু কিংবা মুসলমানের সামাজিক সত্তার সমস্যা নিয়ে ততটা ভাবিত নন, যতটা ভাবিত আছেন মানুষের ব্যক্তিগত সমস্যায়, দর্শনের জটিলতায়, মননের বৈচিত্র্যে।

এ বিষয়ে আরো কিছু গভীরতর দিক ভেবে দেখবার দরকার আছে ;—(I) রঙ্গলাল, ভূদেব কিংবা বঙ্কিমের মুসলমান অনুষঙ্গ ব্যবহারের ফলে তাঁদের সাহিত্য সম্বন্ধে মুসলমানদের বিরূপ প্রতিক্রিয়ার স্মৃতি তাঁর মনে থাকতে পারে।

(II) রবীন্দ্রনাথের সৃষ্টিকর্মের দ্বিতীয়ার্ধ বিচিত্র সাম্প্রদায়িক দ্বিধাদ্বন্দ্বে ক্ষতবিক্ষত। সে সময়ে মুসলিম স্বার্থ বিঘ্নিত বলে মুসলমানরা ক্ষুব্ধ। আর হিন্দুরা ভাবছেন ইংরেজ সরকারের স্নেহছায়ায় স্বার্থপুষ্ট হচ্ছেন মুসলমানরা। এমত অবস্থায় ভালমন্দে মেশা তাঁর সৃষ্ট মুসলমান চরিত্র মুসলিমরা কোন্ আলোকে গ্রহণ করবেন এ বিষয়ে তিনি বুঝি দ্বিধান্বিত ছিলেন।

(III) ১৩০৫ (১৮৯৮ ?)-এ ছাপা 'দুরাশা' গল্পের জন্য তাঁর বিরুদ্ধে সমালোচনা তাঁর মনে থাকা খুবই স্বাভাবিক।[২] এসব কথা স্মরণে রেখেই আমরা রবীন্দ্রনাথের সমস্ত রচনাবলীতে ব্যবহৃত মুসলমান অনুষঙ্গ পর্যালোচনা করতে চাই। তাঁর রচিত প্রবন্ধ ছাড়া কিছু গাথা কবিতা এবং কয়েকটি ছোটগল্পে মুসলমান প্রসঙ্গ ব্যবহৃত হয়েছে। অতঃপর সংক্ষেপে সেসব রচনায় রবীন্দ্রমানসের স্বরূপ অনুসন্ধান চলতে পারে।

বঙ্গাব্দ ১৩২১ (১৯২২ খৃষ্টাব্দ) ৭ আষাঢ় অধ্যাপক কালিদাস নাগকে রবীন্দ্রনাথ যে চিঠি লিখেছিলেন ; তাতে ভারতবর্ষের হিন্দু-মুসলমান সমস্যার সমাধান খুঁজতে চেষ্টা করেছেন তিনি। শুধু তাই নয়, 'রাজা-প্রজা' কিংবা 'কালান্তরে'র বেশ কিছু প্রবন্ধে (সমস্যা, লোকহিত প্রভৃতি) সমাজমনস্ক রবীন্দ্রনাথ এদেশের হিন্দু-মুসলমান সমস্যাটিকে যথেষ্ট বিবেচনার সঙ্গে তলিয়ে দেখেছেন। আর যে সময়ে হিন্দুমুসলমান পারস্পরিক বিদ্বেষ ভারতবর্ষের রাজনীতিকে ঘোলাটে করে তুলেছে, সে সময়ে মুসলমানদের স্বপক্ষে দাঁড়িয়ে কিছু নিরপেক্ষ মন্তব্য করেছেন রবীন্দ্রনাথই। সাম্প্রদায়িকতামুক্ত একটি জাতীয় দৃষ্টিভঙ্গিতে তিনি এদেশের হিন্দু-মুসলমানের সম্পর্ক বিচার করেছেন দেখতে পাই।

১৯৩৫ সালে বিশ্বভারতীতে নিজাম বক্তৃতা দেওয়ার জন্য তিনি আমন্ত্রণ জানিয়েছিলেন বিখ্যাত সাহিত্যিক কাজী আব্দুল ওদুদকে আর বক্তৃতার বিষয় নির্ধারণ করেছিলেন—হিন্দু মুসলমানের বিরোধ। এ বিরোধের জটিলতা আর 'বিভীষিকা' তাঁকে কতখানি ভাবিত করে তুলেছিল, এই বিষয় নির্বাচনে তার ইঙ্গিত আছে বলে মনে করেন ওপার বাংলার সমালোচক আবুল ফজল।[৩]

স্বাদেশিকতার যুগে বঙ্গভঙ্গের বিরুদ্ধে যে রবীন্দ্রনাথ হিন্দু-মুসলমানের মধ্যে মিলনের রাখি

বন্ধন স্থাপন করতে পথে নেমেছিলেন, তিনি রীতিমত বাস্তব অভিজ্ঞতায় এব্যাপার উপলব্ধি করলেন যে, ইংরেজের বিরুদ্ধে লড়াই করবার অবকাশে আমাদের দেশের হিন্দু মুসলমানের সম্পর্কটাই হয়ে উঠেছে অত্যন্ত বিষাক্ত। এবং কেউ কেউ বোঝাতে চাইছেন, হিন্দু-মুসলমানের এই বিরোধের মূলে আর কিছু নয়, ইংরেজদেরই ষড়যন্ত্র বর্তমান। রবীন্দ্রনাথ কিন্তু একথা অস্বীকার করেন। তাঁর মনে হয়েছে এজাতীয় ভাবনা আত্ম-ছলনা মাত্র। "একথা বলিয়া নিজেকে ভুলাইলে চলিবে না যে, হিন্দু-মুসলমানের সম্বন্ধের মধ্যে কোন পাপই ছিল না। ইংরেজই মুসলমানকে আমাদের বিরুদ্ধে করিয়াছে।[৪] হিন্দু-মুসলমানের সম্পর্কের ভেতরে যে এই দ্বন্দ্বের সূত্র নিহিত তা নির্মোহ দৃষ্টিতে উপলব্ধি করেছেন রবীন্দ্রনাথ। 'কালান্তরে'র 'লোকহিত' প্রবন্ধ থেকে জানতে পারি, স্বদেশী আন্দোলনে দরিদ্র মুসলমানরা সামিল হতে পারেন নি বলে যে সব হিন্দু স্বদেশী আন্দোলক মুসলমানদের বিরুদ্ধে বিষোদ্গার করেছিলেন, রবীন্দ্রনাথ তাঁদের দলে ছিলেন না। (তুলনীয় : 'ঘরে বাইরে' উপন্যাসের মুসলমান প্রসঙ্গ) বরং বুঝতে চেষ্টা করেছেন মুসলমানদের এই সরে দাঁড়াবার পেছনে হিন্দুদের ঘৃণা ও অবিশ্বাস কতখানি ক্রিয়াশীল। "সৎ কবি বলেই সমসাময়িক কোলাহলের উর্ধ্বে তাত্ত্বানুসন্ধান তাঁর পক্ষে সম্ভব ছিল। যে বঙ্গভঙ্গ আন্দোলনে তিনি এমন সর্বশক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়েছিলেন তার থেকে যখন বাঙালী মুসলমান নিরুত্তাপ উদাসীনতায় সরে রইলেন তখনই তাঁর চোখ খুললো। তিনি এই সমস্যাকে তলিয়ে বুঝলেন এবং আর পাঁচজন হিন্দুর মতোই মুসলমান সমাজকে সুবিধাদী এবং আনুগত্যের বিনিময়ে বিদেশী শাসকের কাছ থেকে বিশেষ প্রশ্রয় প্রার্থী বলে গাল দিলেন না। বরং লিখলেন, "সেদিন আমরা দেশের মুসলমানদের কিছু অস্বাভাবিক উচ্চস্বরেই আত্মীয় বলিয়া ভাই বলিয়া ডাকাডাকি শুরু করিয়াছিলাম। সেই স্নেহের ডাকে যখন তাহারা অশ্রু গদগদ কণ্ঠে সাড়া দিল না তখন আমরা তাহাদের উপর রাগ করিয়াছিলাম এটা নিতান্তই ওদের শয়তানি'। বরং আমাদের আত্মীয়তার তাগিদটাই যে সুবিধাবাদী ছিল, ভিতর থেকে ভেদবুদ্ধিকে দূর না করে আত্মীয়তার দোহাই পাড়াটা যে ভণ্ডামি—একথা যত অপ্রিয় শোনাক, তিনি তো বলতে ছাড়েন নি।"[৫]

অত্যন্ত বেদনার সঙ্গে রবীন্দ্রনাথ স্মরণ করেছেন : "হিন্দু-মুসলমানের পার্থক্যটাকে আমাদের সমাজে আমরা এতই কুশ্রীভাবে বে-আব্রু করিয়া রাখিয়াছি যে, কিছুকাল পূর্বে স্বদেশী অভিযানের দিনে একজন হিন্দু স্বদেশী প্রচারক এক গ্লাস জল খাইবেন বলিয়া তাঁহার মুসলমান সহযোগীকে দাওয়া হইতে নামিয়া যাইতে বলিতে কিছুমাত্র সংকোচ বোধ করেন নাই"[৬] গভীর অনুতাপে উল্লেখ করেছেন :

"আমি যখন প্রথম আমার জমিদারী কাজে প্রবৃত্ত হয়েছিলুম, তখন দেখেছিলুম কাছারিতে মুসলমান প্রজাকে বসতে দিতে হলে জাজিমের একপ্রান্ত তুলে দিয়ে সেইখানেই তাকে স্থান দেয়া হোতো।"[৭] 'এই কুশ্রী অভিজ্ঞতাটা এতো লজ্জিত করেছিল রবীন্দ্রনাথকে যে, অন্তত ৫/৬ বার এর উল্লেখ করেছেন তাঁর নানা রচনায়।[৮]

বলা বাহুল্য, রবীন্দ্রনাথের পারিবারিক জীবনে ইসলামিক ঐতিহ্যের মিশ্রণ ঘটলেও (এটা সম্ভব হয়েছিল বিশেষ করে রামমোহন রায়ের সাযুজ্যে। যে রামমোহনের মননে ইসলামিক ঐতিহ্যের

যথেষ্ট বিস্তৃতি ছিল)[৯] এবং মহর্ষির প্রশংসনীয় ফার্সিজ্ঞান সত্ত্বেও দেখা যায় মুসলমান সম্পর্কে উনিশ-শতকীয় শিক্ষিত হিন্দুর যে অবজ্ঞা তা থেকে তাঁর পরিবার ও মুক্ত হতে পারেনি। তাই শেষ পর্যন্ত হিন্দু মুসলমানের মৈত্রীর ব্যাপারে তিনি বলেন, "হিন্দু-মুসলমানের মিলন যুগ পরিবর্তনের অপেক্ষায় আছে।"[১০] এবং প্রায়শই এই মিলনের স্বপ্নে তাঁকে ভারতীয় ঐতিহ্য এবং ঔপনিষদিক মিলন মন্ত্র উচ্চারণ করতে হয়েছে।

অবশ্য 'গোরা' রচনার পূর্ববর্তী সময় পর্যন্ত রবীন্দ্রনাথ যে ভারতবর্ষের চিত্র অঙ্কন করেছেন 'সে হিন্দু ভারত'[১১]। ১৮৬৭-তে নবগোপাল মিত্র প্রতিষ্ঠিত হিন্দু মেলার সঙ্গে ঠাকুরবাড়ীর সহযোগিতা ও সংযুক্তি ঘটেছিল। তারই এক বার্ষিক অধিবেশনে কিশোর রবীন্দ্রনাথ পাঠ করেন তাঁর 'হিন্দুমেলার উপহার' কবিতা। কিংবা ১৮৭৭-এর অনুষ্ঠানে পাঠ করেন 'দিল্লী-দরবার' কবিতা। এই সময়ে কিশোর রবীন্দ্রনাথ সমকালীন পূর্বসূরীদের (রঙ্গলাল, বঙ্কিম, জ্যোতিরিন্দ্রনাথ প্রমুখ) কাব্য, নাটক ও কথা সাহিত্যে মুসলমান শাসকদের ভারত শাসনের অত্যাচারে ক্ষুব্ধ হিন্দু ভারতবাসীর অন্তর্গত অ-সুখের ঐতিহ্যকে মান্য করেছেন। এই ঐতিহ্যানুসরণ চলেছে ১৯০০-তে প্রকাশিত 'কথা' এবং 'কাহিনী'র গাথা ধর্মী কবিতাগুলিতেও। এ সম্বন্ধে নিতান্ত একালের একটি নিরপেক্ষ সমালোচনা উদ্ধার করা যেতে পারে ঃ

"কথা ও কাহিনীর 'হোরীখেলা' কবিতাটি আমাকে অল্প বয়সেই খুব বিচলিত করেছিল। শিশুপাঠ্য রামায়ণ-মহাভারতের কল্যাণে এদেশের শিশুরাও তো জানে যে, শত্রু যদি নিরস্ত্র হয়, বা পৃষ্ঠ প্রদর্শন করে, তাহলে রণক্ষেত্রেও কোনো যথার্থ বীর তাকে হত্যা করে না। অথচ যে রাজপুতেরা আমাদের বীরত্বের আদর্শ, যে রাজপুত রমণীর অসাধারণ আত্মসম্ভ্রমবোধ তাকে স্বেচ্ছায় মৃত্যুবরণের বীরত্বে উদ্বুদ্ধ করতো সেই রাজপুত রমণী কি করে পাঠান কেসর খাঁকে কপট হোলি খেলায় আহ্বান করে সানুচর তাকে এমন ক্রুরভাবে হত্যা করতে পারলো ?···'যে পথ দিয়ে পাঠান এসেছিল সে পথ দিয়ে ফিরলো না কো তারা।' শেষ পংক্তির এই দীর্ঘশ্বাসটুকুতে ছলনাময়ী আস্থাভঙ্গকারিনীদের প্রতি যথেষ্ট ধিক্কার যে নেই, এতে আমাদের বিচারবোধ আহত হয়, স্বীকার না করে উপায় নেই।"[১২]

তবে এই সময় থেকেই রবীন্দ্রনাথ বিশুদ্ধ মানবতার সঙ্গে ধর্মীয় সংকীর্ণতার বিরোধে মানবতার স্বপক্ষে দাঁড়াতে চাইছেন এও দেখা যাবে। (এই মানসদ্বন্দ্ব বোধ করি 'গোরা' রচনার আগে পর্যন্ত তাঁর মনে চলেছিল।) 'সতী' নাট্যকাব্যে তার প্রমাণ আছে। যবন স্বামীর স্ত্রী হিসাবে অমাবাই যখন ধর্মান্ধ পিতাকে প্রশ্ন করে—

'যবন ব্রাহ্মণ
সে ভেদ কাহার ভেদ ? ধর্মের সে নয়।'[১৩]

অমার এই বক্তব্যে রবীন্দ্রনাথেরই অনুভব উচ্চারিত নিঃসন্দেহে। এই নাট্যকাব্যে রবীন্দ্রনাথের নিরপেক্ষতার প্রশংসা করেছেন কাজী আব্দুল ওদুদ।[১৪] এছাড়া 'কথা' কাব্যের মধ্যে মুসলিম অনুষঙ্গ আছে 'বন্দীবীর', 'মানী', 'প্রার্থনাতীত দান', 'শেষ শিক্ষা', 'বিচারক' প্রভৃতি কবিতায়।

'মানী' কবিতায় রবীন্দ্রনাথ যথেষ্ট সহানুভূতির সঙ্গে মোঘল সম্রাট ঔরঙ্গজেবকে চিত্রিত

করেছেন। 'বন্দীবীর' কবিতায় আছে 'রক্তপাগল' মত্ত মোঘলদের চিত্র। 'শেষ শিক্ষা' কবিতায় শিক্ষাগুরু গোবিন্দ সিং পাঠানকে হত্যা করে তার বালক পুত্র মামুদকে মানুষ করার দায়িত্ব স্বেচ্ছায় পালন করেন। তাকে শস্ত্রবিদ্যায় পারদর্শী করে তোলেন পুত্রস্নেহে। তারপর তাকে সব কথা বলে তার পিতার হত্যাকারীকে হত্যা করে প্রতিশোধ নিতে প্ররোচিত করেন। গভীর অরণ্যে একবার মামুদ অস্ত্র তুলেও বিরত হয়েছে। তার অনুতপ্ত ও অশান্ত হৃদয় বলে উঠেছে :

·· হে গুরুদেব, লয়ে শয়তানে
কোরোনা এমনতরো খেলা। ·····
···ছেয়ে থাক মনে সেই স্নেহ
ঢাকা পড়ে হিংসা যাক মরে।[১৫]

তবু শেষ রক্ষা হয় নি। শতরঞ্জ খেলায় বসিয়ে শিষ্যকে গুরু বিদ্রূপবাণে উত্তেজিত করে তোলেন। এবং মামুদ উত্তেজিত অবস্থায় গুরুকে হত্যা করেন। এই হত্যার দৃশ্যে গুরুগোবিন্দ মামুদের চাইতে উজ্জ্বলতর হয়েছেন ঠিকই কিন্তু হত্যাকারী মামুদকেও আমাদের বিবেচক মন ক্ষমাসুন্দর চক্ষে দেখে।

প্রায় সমকালে মহারাষ্ট্রে তিলক প্রবর্তিত গণপতি পূজা ও শিবাজী উৎসব (১৮৯৫) শুরু হয়। বাংলাদেশেও তার জের চলে। সখারাম গণেশ দেউস্করের 'শিবাজীর দীক্ষা (১৯০৪) গ্রন্থের ভূমিকা লিখতে অনুরুদ্ধ হয়ে রবীন্দ্রনাথ লিখে ফেলেন তাঁর বিতর্কিত কবিতা 'শিবাজী উৎসব'। এই কবিতা পাঠে মুসলমান সেন্টিমেন্ট আহত হয়েছিল রীতিমত। 'শিবাজী উৎসব'-এ রবীন্দ্রনাথ মারাঠী বীর শিবাজীকে নতুন দৃষ্টিভঙ্গীতে বিচার করেছেন। মোগল বিরোধী শিবাজী রবীন্দ্রনাথের কবিতায় আদর্শ বীর ও অখণ্ড ভারতের স্বপ্নদ্রষ্টা এক মহানায়ক হিসেবে চিত্রিত হয়েছেন। ফলে দেখা দিল সমস্যা। "শিবাজী উৎসব আন্দোলন হিন্দু জাতীয়তাবোধ হইতে উদ্ভূত; শিবাজী মহারাজ মুগলদের বিরুদ্ধে যুদ্ধ করিয়া হিন্দুরাজ্য স্থাপন করেন। সুতরাং শিবাজী সম্বন্ধে গৌরববোধ হিন্দুদেরই হওয়া সম্ভব, মুসলমানদের নহে; সুতরাং বিংশ শতাব্দীতে এই শ্রেণীর কোনো বীরকে অখণ্ড ভারতের স্বাধীনতার প্রতীকরূপে গ্রহণ করা সম্ভব নহে। রবীন্দ্রনাথ বোধহয় এই কবিতাটির দুর্বলতা কোনখানে তাহা আবিষ্কার করিতে পারিয়াছিলেন। এবং তজ্জন্য তাঁহার কোনো কাব্য গ্রন্থে স্থান দেন নাই।"[১৬] (কবিতাটি বর্তমান প্রচলিত সংগ্রিয়তায় অবশ্য প্রাপ্তব্য)। এজন্য রবীন্দ্রনাথের বিরুদ্ধে আরো অভিযোগ আছে : "অথচ সুস্থির চিত্তে একথা বিবেচনা করা সঙ্গত হতো, ১৯০৪-৫ সনের পটভূমিতে যখন হিন্দু-মুসলমান অনৈক্যের সমস্যা জটিলতায় উদ্বেগজনক হয়ে উঠেছে, যখন আত্মিক সংহতির জন্য মুসলমান নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করা হচ্ছিল, তখন মোঘল বিরোধী সমর নায়ক শিবাজীকে জাতীয় ঐক্যের প্রতীক হিসাবে উপস্থাপিত করলে মুসলমান সমাজের বিচ্ছিন্নতা-বাদীদের প্ররোচিত করার বিলক্ষণ আশংকা।"[১৭]

খবর হিসেবে এইখানে উল্লেখ করার দরকার আছে যে, এই কবিতার বিরূপ প্রতিক্রিয়া সম্বন্ধে রবীন্দ্রনাথও চিন্তিত ছিলেন। তাই এর তিনমাস পরে শান্তিনিকেতনে ৭ পৌষ যে ভাষণ দিলেন

তাতে যেন উৎসবের উদ্দেশ্য ও স্বরূপ কি তা বোঝাবার জন্য পাঠ করলেন 'উৎসবের দিন' প্রবন্ধটি।

'উৎসবের দিন' প্রবন্ধের আলোকে 'শিবাজী উৎসব' কবিতাটি নতুন তাৎপর্য পেয়ে যায়। দৈবক্রমে শিবাজী হিন্দু ছিলেন। এবং তাঁর বিরোধী রাজশক্তি ছিলেন মুসলমান। তাই 'শিবাজী উৎসব' সমালোচিত হলো স্থূল বিভেদের বুদ্ধিতে। কবিতাটিতে ইতিহাসের যে নতুন মূল্যায়ন করেছিলেন রবীন্দ্রনাথ তা তাঁর দার্শনিকতার সঙ্গে অপরিচিতরা ভুল ব্যাখ্যা করবেন এটাই স্বাভাবিক। আসলে শিবাজী উৎসবে রবীন্দ্রনাথের বক্তব্য ছিল ঃ

ব্যক্তি শিবাজী নয়, তাঁর আক্রমণাত্মক বর্গীদল নয়, তাঁর ধর্মগণ্ডীবদ্ধ আকাশ পাগল করা 'হর হর' বোল নয়, কেবল 'শিবাজী' একটি আইডিয়া, একটি নাম, একটি ঐক্যবদ্ধ মানবিক ভারতরাষ্ট্রের স্বপ্ন কবির ঈপ্সিত—

আজি তব নাহি ধ্বজা, নাই সৈন্য, রণ অশ্বদল,
অস্ত্র খরতর—
আজি আর নাহি বাজে আকাশেরে করিয়া পাগল
'হর হর হর'
শুধু তব নাম আজি পিতৃলোক হতে এল নামি
করিল আহ্বান—
মুহূর্তে হৃদয়াসনে তোমারেই বরিল হে স্বামী
বাঙালীর প্রাণ।[১৮]

বলাবাহুল্য, কবিতাটির জন্য রবীন্দ্রনাথকে ভুল বুঝেছেন কেউ কেউ। "রবীন্দ্রনাথ শিবাজী উৎসব লিখে হিন্দুধর্মের পুনরুজ্জীবন কর্মে প্রত্যক্ষভাবে যোগ দেন এবং শুভ শঙ্খনাদে জয়তু শিবাজী উচ্চারণ করে ঐ ধ্যান-মন্ত্রে দীক্ষা গ্রহণ করেন।"[১৯] কবিতাটির এরকম ব্যাখ্যাও যে করা যায় না, তা হয়তো নয়। কিন্তু রবীন্দ্রনাথের বক্তব্য তা ছিল না। 'এক ধর্মরাজ্য পাশে' বলে যে রবীন্দ্রনাথ হিন্দুধর্ম বোঝাতে চান না—একথা কাকে তিনি বোঝাবেন? দুর্ভাগ্য কবির এইখানে যে, শিবাজী ব্যক্তিধর্মে হিন্দু। তাই 'উৎসবের দিন' প্রবন্ধে পরিষ্কার করে বোঝাতে চাইলেন ধর্ম বলতে তিনি কি বোঝেন? উৎসব কি ও কেন?

কবির রচনার 'নানা অর্থ' করার অধিকার পাঠকের আছে। কিন্তু কেবল সরল অর্থটুকুই অনেক সময় বিপত্তির কারণ হয়ে উঠতে পারে। আহত করতে পারে শিল্প ও তার স্রষ্টাকে। রবীন্দ্রনাথও আহত হয়েছিলেন। একথার প্রকৃষ্ট প্রমাণ একাধিকবার কবিতাটিকে তাঁর সৃষ্টি সম্ভার থেকে বাদ দেবার চেষ্টা।[২০] একথা ঠিক 'উৎসবের দিন' যে 'শিবাজী উৎসব' কবিতার প্রত্যক্ষ প্রভাবজাত—এটা প্রবন্ধটির কোথাও স্পষ্ট করা হয়নি। কেবল আমরা অনুমান করি যে, 'শিবাজী উৎসব' রচনার তিনমাস পরে (ভাদ্র-পৌষ) কবি কবিতাটির একটি কবিভাষ্য রচনা করতে চেয়েছিলেন উভয়পক্ষের মুখ চেয়ে এইজন্য যে, যাঁরা শিবাজীকে নিয়ে গোষ্ঠী চেতনায় উদগ্র হিন্দু জাতীয়তার জয়গান গাইছেন এবং নিজের দলের লোক হিসেবে রবীন্দ্রনাথকেও পেয়ে গেছেন বলে আনন্দ করছেন আর অন্যপক্ষ ব্যথিত ও মর্মাহত হচ্ছেন—কারোরই ধারণাটা ঠিক না। তবে নিজের বক্তব্য

সম্বন্ধে চিরকাল দায়িত্বশীল রবীন্দ্রনাথ কবিতাটির বক্তব্যের দায়িত্ব না এড়িয়ে আত্মপক্ষ সমর্থনের নিজস্ব পদ্ধতি বেছে নিয়েছেন। লিখেছেন অন্য আর একটি রচনা—'উৎসবের দিন'।

এক উদার বিশ্বাত্মবোধে উদ্দীপ্ত মানসিকতায় মুসলমান সমাজকে দেখার চেষ্টা রবীন্দ্রকাব্যে দেখি 'পুনশ্চ' কাব্যের বেশ কয়েকটি কবিতায়। বহুখ্যাত 'শুচি' কবিতার কবীর, 'রংরেজিনী' কবিতার রংরেজ জসিম ও তার কন্যা আমিনা আমাদের মনে পড়ে যেতে পারে। এই পরিচ্ছন্ন মানবতার উদার আকাশ নির্মাণ করতে হয়েছে রবীন্দ্রনাথকে ক্রমশ। আর সেই মানস-সংঘাত ও জটিল আবহের কিছু কিছু ছাপ আছে তাঁর কয়েকটি ছোটগল্প ও দু-একটি উপন্যাসে।

মুসলমান সমাজ নিয়ে কিছু রচনার ভাবনাচিন্তা কবির শুরু হয় ১৮৯১ সালে পৈত্রিক জমিদারী দেখাশুনার কাজে পূর্ববঙ্গে অবস্থান করার সূত্রে।[২১] রবীন্দ্রনাথের ছোটগল্পগুলির প্রেক্ষাপট যে পূর্ববঙ্গের মাটি মানুষের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগের ফলশ্রুতি এ তো সকলেই মানেন। আর পূর্ববঙ্গের রায়ত প্রজাদের মধ্যে মুসলমানের সংখ্যাধিক্য। ফলে সঙ্গত কারণে জমিদার রবীন্দ্রনাথ মুসলমান প্রজাসাধারণ সম্বন্ধে কৌতূহলী হতেই পারেন। কিন্তু দুঃখ এইখানে যে, এই মুসলমান সমাজ তাঁর রচিত গল্পে তেমন নেই, যেমন আছে কল্পনা ও রোমান্স নির্ভর প্লট ও পাত্র-পাত্রী।

মুসলিম চরিত্রযুক্ত রবীন্দ্রনাথের প্রথম ছোটোগল্প দালিয়া (১২৯৮)। এটি একটি রোমান্স জাতীয় রচনা। প্রাচীন পূর্ববঙ্গ গীতিকায় আরাকান রাজের দ্বারা ঔরঙ্গজেবের ভ্রাতা সা সুজার ভাগ্য বিপর্যয়ের এক করুণ কাহিনী পাওয়া যায়। দালিয়া গল্পের পেছনে ও পূর্ববঙ্গের জনজীবনে বিকীর্ণ এইরকম কোনো কাহিনীর ভগ্নভ্রষ্ট রূপ আছে কিনা আমাদের জানা নেই। থাকলেও বিস্মিত হবার কিছু নেই। তবে গীতিকার মতো করুণ পরিণামী না করে এই গল্পটির এক মিলন মধুর উপসংহার উপহার দিয়েছেন রবীন্দ্রনাথ। সংক্ষেপে গল্পটি হোলো: সা সুজার কন্যা আমিনা। আমিনা এক ধীবর গৃহে পালিতা। দালিয়া বলে এক যুবকের সঙ্গে সেখানে তার পরিচয় ও প্রণয়। আরাকান রাজই সা সুজার পরিবারের ভাগ্য বিপর্যয়ের হেতু। তাই যখন আরাকান রাজপুত্র আমিনাকে বিবাহ করতে চান, তখন ভগ্নী জুলেখার পরামর্শে তাকে হত্যা করতে গিয়ে আমিনা দেখে এই যুবরাজ আর কেউ নয়, তার একদা প্রেমিক দালিয়া।

গল্পটিতে মুসলমান-অ-মুসলমানের প্রণয় সম্পর্কের জটিলতা এড়িয়ে যাওয়া হয়েছে। কেবল নায়িকার প্রথম প্রণয়ীকে বর্জন করে রাজপুত্রকে ইচ্ছার বিরুদ্ধে বিবাহে সম্মতি দিতে গিয়ে আমিনার মানসদ্বন্দ্বকে প্রাধান্য দেয়া হয়েছে। তাছাড়া আমিনার মনে ধীবরকন্যা ও রাজকন্যার দ্বৈত সত্তার টানাপোড়েন দেখাবার একটা চেষ্টাও করেছেন লেখক। কিন্তু সবটাই আবছা রোমান্সের প্রেক্ষাপটে। এ গল্পে মুসলিম সমাজজীবন, তার আদর্শ কিংবা বাদশাহী জীবন বৃত্তেরও কোনো বাস্তব প্রসঙ্গ বর্ণিত হয়নি।

এর পরের বছর (১২৯৯) লেখা হয়েছে মুসলমান জীবন প্রসঙ্গ নিয়ে দুটি ছোটোগল্প। 'রীতিমত নভেল' ও 'কাবুলিওয়ালা'। ১ম-টিতে কোনো মুসলমান চরিত্র নেই। কেবল গল্পের নায়ক ললিত সিংহের বীরত্ব প্রদর্শনের জন্য প্রথমের দিকে মুসলমান ইতিহাসের প্রেক্ষাপট ব্যবহৃত।

'যবন সৈন্য' এবং 'ম্লেচ্ছ' কণ্ঠের 'আল্লাহো আকবর' ধ্বনি শুনতে হয়েছে মাত্র। যা একটু পরবর্তীকালে শিখ, মারাঠা, রাজপুতদের সঙ্গে মুসলমানদের সম্পর্ক নিয়ে লেখা কবিতাগুলোর প্রসঙ্গ স্মরণ করিয়ে দেয়।

'কাবুলিওয়ালা' গল্পটির রহমত রবীন্দ্রনাথের আঁকা অন্যতম শ্রেষ্ঠ মুসলমান চরিত্র। কিংবা রহমত মুসলমান চরিত্র কথাটা ঠিক না। রহমত এই গল্পে মুসলমান নয়, খুনী নয়; সে মানুষ, সে চিরন্তন পিতা। তার পিতৃহৃদয়ের রূপাঙ্কনে সুদূর কাবুলের পাহাড়ী পটভূমি ও কোলকাতার গলির প্রেক্ষাপট একাকার হয়ে গেছে। হয়তো এই গল্পের বীজ কোলকাতার গলিতে গলিতে ঘুরে বেড়ানো কোনো এক কাবুলীর সাথে প্রত্যক্ষ পরিচয়ের অভিজ্ঞতা থেকেও সংগৃহীত হতে পারে। কিন্তু কাহিনীর মধ্য দিয়ে লেখক যেখানে আমদের পেঁছে দিয়েছেন তা কোনো নির্দিষ্ট দেশ কাল পাত্রের মধ্যে আবদ্ধ নয় আর। সন্তানের জন্য প্রবাসী পিতার অন্তরে যে বেদনা, তাতে শাশ্বত কালের একটি মাত্রা জুড়ে দিয়েছেন লেখক। ১৯৯৭-এ ছাপা সেনারতরীর 'যেতে নাহি দিব' কবিতায় যে দার্শনিকতা—এ গল্প তার প্রাক্ প্রস্তুতি বলে মনে হয়।

১৩০০-তে প্রকাশিত 'সমস্যাপূরণ' গল্পটি সমকালের রক্ষণশীল হিন্দুসমাজের পক্ষে রীতিমত অস্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছিল। এই গল্পে আছে ঝিঁকড়া কোটার জমিদার কৃষ্ণগোপালের পুত্র বিপিনবিহারী আছিমুদ্দির সঙ্গে মামলায় জড়িয়ে পড়ে। আছিমুদ্দির বৃদ্ধা মা বিহারীকে মামলা থেকে নিরস্ত করতে গিয়েও ব্যর্থ হন। আছিমুদ্দি বিপিনবিহারীকে আঘাত করতে গিয়ে পুলিশে ধরা পড়লো। এইসব জটিলতায় বিপিনবিহারীর কাশীবাসী পিতা হঠাৎ এসে বিপিনবিহারীকে এই গোপন সংবাদটি দিলেন যে—আছিমুদ্দি তাঁর ঔরষজাত সন্তান। এই সংবাদে মামলাটা স্থগিত রইল এবং বিপিনবিহারী নিজেকে যবনীর গর্ভে সন্তান উৎপাদনকারী পিতার চাইতে অনেক শ্রেষ্ঠ মনে করলো।

গল্পটিতে রবীন্দ্রনাথের দুসাহসিকতার পরিচয় আছে। হিন্দু স্বাতন্ত্র্যের যুগে হিন্দু জাতীয়তার সূত্রে যখন উভয় সম্প্রদায়ের মনোভাব রীতিমত তিক্ততার দিকে যাচ্ছে, সেই সময়ে হিন্দু জমিদারের সঙ্গে মুসলমান নারীর নিষিদ্ধ প্রণয় ব্যক্ত করে রবীন্দ্রনাথ আত্মগর্বী হিন্দুসমাজকে প্রবল ধাক্কা দিয়েছিলেন নিঃসন্দেহে! তাই বোধকরি সুরেশ সমাজপতি এই গল্পটি সম্বন্ধে লিখেছেন :

যবন পুত্রের জন্মদাতা স্বয়ং কৃষ্ণগোপাল যে কথাটা ছেলেকে নির্জন বটতলায় ডাকিয়া 'কম্পিত স্বরে'—চুপিচুপি বলিলেন এবং আবশ্যক হইলে লোকের কাছে বলিতে বলিয়াছিলেন, সে কথাটা রবীন্দ্রবাবু স্থির অঙ্গুলিতে লেখনী ধরিয়া অকম্পিত ভাষায় লিপিবদ্ধ করিবার এমন কি আবশ্যকতা অনুভব করিলেন? বলাবাহুল্য যে, বর্তমান গল্পের বিষয় রবীন্দ্রবাবুর মত লেখকের সম্পূর্ণ অনুপযুক্ত।'[২২]

এ জাতীয় সমস্যা দেখা দিতে পারে ভেবেই কি রবীন্দ্রনাথ গল্পটি তৎকালে প্রকাশ করতে চান নি?[২৩]

পরবর্তী গল্প 'ক্ষুধিত পাষাণ' (১৩০২) মুসলমান অনুষঙ্গের প্রয়োগে এক অসাধারণ সৃষ্টি। গল্পটির সমস্ত অবয়বে লুপ্ত প্রায় মুসলমান যুগের এক রম্য বাতাবরণ ব্যবহৃত। এই গল্প লেখার একটু আগে (১৮৯৪, সেপ্টেম্বর ৫) কবি ইন্দিরাদেবীকে লিখেছিলেন, "সেই পারস্য এবং আরবদেশ ডামাস্ক, সমরকন্দ, বুখারা, আঙুরের গুচ্ছ, গোলাপের বন, বুলবুলের গান সিরাজের মদ মরুভূমির পথ, উটের সার ঘোড়সোওয়ার পথিক, ঘন খেজুরের ছায়ায় স্বচ্ছ জলের উৎস···এই রহস্যপূর্ণ অপরিচিত, এই ঐশ্বর্যময়, সৌন্দর্যময়, অথচ ভয়ভীষণ বিচিত্র প্রাসাদে মানুষের হাসিকান্না আশাআকাঙ্ক্ষা নিয়ে কত শত সহস্র রকমের সম্ভব অসম্ভব গল্প তৈরী হচ্ছে।"[২৪]

ক্ষুধিত পাষাণের স্বপ্নময়তায় যে ভয়ানক সৌন্দর্য ও মোহনীয় রহস্য সঞ্চারিত, তার সঙ্গে আরব্য রজনীর সংযোগের কথা এই গল্পের মধ্যেই ব্যক্ত হয়েছে একাধিকবার। ইন্দ্রিয়ময়তার সঙ্গে নাটকীয় উদ্বেগ, উদ্দাম কল্পনার সঙ্গে রক্তমাংসের বাসনানিবিড় সংযোগ, অবিশ্বাস্য মৃতলোকের সঙ্গে জীবিত জগতের শক্তিশালী মেলবন্ধন ঘটাতে মুসলমানযুগের প্রেক্ষাপট, নাচের ঘুঙুরের ছন্দ, গানের মজলিসের অনুষঙ্গ গল্পটিতে ব্যবহৃত। 'স্বপ্ন' কবিতায় যে কবি ভাষাভুলেযাওয়া যুগের মালবিকাকে খুঁজে উজ্জয়িনী পারে চলে যান তাঁর পক্ষে 'সব ঝুট হ্যায়'-এর বাতাবরণ ও দুর্দমনীয়ভাবে আকর্ষক হবে তাতে আশ্চর্যের কিছু নেই। বলাকার 'সাজাহান কবিতায়ও দিল্লীর পথের ধুলায় মোগলযুগের নূপুর নিক্কন খুঁজেছেন কবি একই রোমান্টিক অভীপ্সায়।

সিপাহী বিদ্রোহের প্রেক্ষাপটে মুসলমান রমণীর হিন্দু নায়কের প্রতি প্রেম নিবেদন ও প্রত্যাখ্যাত হবার বিষয় নিয়ে লিখিত হয়েছিল দুরাশা (১৩০৫) গল্পটি*। বঙ্কিমের দুর্গেশনন্দিনী কিংবা ভূদেবের 'অঙ্গুরীয় বিনিময়ে'র পরবর্তীকালে লেখা এই গল্পে রবীন্দ্রনাথ কিন্তু ব্রাহ্মণ নায়কের দ্বারা মুসলমান নারীর প্রেমকে প্রতিহত করিয়েছেন। সিপাহী বিদ্রোহের প্রতি বদ্রাওনের নবাব গোলাম কাদের খানের কন্যার আগ্রহ এবং তার পিতার সিপাহী বিরোধীতার সূত্রে বিদ্রোহী সিপাহী ব্রাহ্মণ কেশরলালের প্রতি তার অনুরাগ যথেষ্ট মনস্তত্বসম্মত।

এই গল্পের আরো একটি দুঃসাহসী প্রসঙ্গ হোলো নবাব কন্যা ব্রাহ্মণ কেশরলালের দ্বারা প্রত্যাখ্যাতা হয়ে কাশীর শিবানন্দস্বামীর কাছে যোগিনী সেজে সংস্কৃত শাস্ত্র অধ্যয়ন করেছে। এই গল্পের কথক বলেছেন, "হিন্দুশাস্ত্রে আছে, জ্ঞানের দ্বারা, তপস্যার দ্বারা শূদ্র ব্রাহ্মণ হইয়াছে, মুসলমান ব্রাহ্মণ হইতে পারে কিনা সে কথার কোনো উল্লেখ নাই। তাহার কারণ তখন মুসলমান ছিল না।"[২৫] সংস্কৃত পাঠের জন্য মুসলমান নারী শিবানন্দস্বামীর অনুমোদন পেয়েছিল। রবীন্দ্রনাথের এ সিদ্ধান্ত কাল্পনিক। এই সূত্রে একথা মনে পড়ে যায়, এই গল্প লেখার অনেক পরেও ডঃ শহীদুল্লাহ কোলকাতা বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত পড়ার অনুমতি পাননি মুসলমান হবার জন্য।[২৬]

---

* "কেশরলালের গল্পটা পেয়েছি মগজ থেকে। চর্তুমুখের মগজ আছে কিনা জানিনে। কিন্তু তিনি কিছু না থেকে কিছুকে সেভাবে গড়ে তোলেন এও তাই।" রবীন্দ্রনাথ / 'প্রবাসী', শ্রাবণ, ১৩৩৯।

'দুরাশা' গল্পটির বক্তব্য এইটুকুই শুধু নয় যে, এখানে মুসলমান রমণী ব্রাহ্মণের প্রেমার্থিনী হয়ে প্রত্যাখ্যাতা। কিংবা এ নয় যে যবনী সংস্কৃত শিখতে পারেন কি পারেন না?

গল্পটির climex দাঁড়িয়ে আছে গল্পের উপসংহারে। যে ব্রাহ্মণত্বের দোহাই দিয়ে কেশরলাল মুলমানীকে উপেক্ষা করে, সেটা আসলে তার একটা সংস্কার মাত্র। পরিবেশের বদলের সঙ্গে সঙ্গে খোলসের মত তা খসে পড়েছে কেশরলালের জীবন থেকে। দার্জিলিং-এ ভুটিয়া পরিবারের মেয়েকে বিয়ে করে সন্তান উৎপাদন করে সে পতিত জীবনযাপন করছে। পক্ষান্তরে শাস্ত্র অধ্যয়ন সেরে ব্রাহ্মণত্বে উন্নীত মুসলমান নারী, (যার রক্তে পিতামহীর সূত্রে ব্রাহ্মণত্ব ছিল) কি পেলো সমস্ত জীবনে? ব্রাহ্মণত্বের দোহাই দেয়া সমকালীন হিন্দু সংস্কারকে এখানে তীব্র আঘাত করেছেন রবীন্দ্রনাথ।

এই দুরাশা গল্পটির জন্যও রবীন্দ্রনাথ সমালোচিত হয়েছিলেন।

'দুরাশা' গল্পের প্রায় বিপরীত প্লট নিয়ে লিখিত হয়েছিল 'মুসলমানীর গল্প' (১৯৭১?) হাবির খাঁর মেজো ছেলে করিমের প্রেমে আমগ্ন তারই ঘরে আশ্রিতা কমলা। সে সেখানে তার নিজস্ব ধর্ম বজায় রাখার প্রতিশ্রুতি পেয়েছে। পেয়েছে নারীর সম্মান। কিন্তু সেখানে সে অনুভব করেছে ক্রমান্বয়ে আর এক বৃহত্তর মানবতার পরিমণ্ডল। হাবির খাঁর কাছে তার আত্মসমীক্ষা: "বাবা আমার ধর্ম নেই, আমি যাকে ভালোবাসি সেই ভাগ্যবানই আমার ধর্ম। যে ধর্ম চিরদিন আমাকে জীবনের সব ভালবাসা থেকে বঞ্চিত করেছে, অবজ্ঞার আস্তাকুঁড়ের পাশে আমাকে ফেলে রেখে দিয়েছে সে ধর্মের মধ্যে আমিতো দেবতার প্রসন্নতা কোনদিন দেখতে পেলুম না। সেখানকার দেবতা আমাকে প্রতিদিন অপমানিত করেছে, সে কথা আজও আমি ভুলতে পারিনে। আমি প্রথম ভালবাসা পেলুম, তোমার ঘরে। জানতে পারলুম হতভাগিনী মেয়েরও জীবনের মূল্য আছে। যে দেবতা আমাকে আশ্রয় দিয়েছেন, সেই ভালবাসার সম্মানের মধ্যে তাঁকেই আমি পুজো করি, তিনিই আমার দেবতা—তিনি হিন্দুও নন, মুসলমানও নন। তোমার ছেলে করিম, তাকে আমি মনের মধ্যে গ্রহণ করেছি—আমার ধর্মকর্ম ওরই সঙ্গে বাঁধা পড়েছে। তুমি মুসলমান করে নাও আমাকে, তাতে আমার আপত্তি হবে না—আমার না হয় দুই ধর্মই থাকলো।[২৭]

হৃদয় জাগ্রত হলে ধর্মের কাঁটা তারের বেড়া যে বিনষ্ট হয়ে যায় কমলা মেহেরজান হয়ে তা প্রমাণ করে দিয়েছে। 'মানুষের ধর্মে' বিশ্বাসী রবীন্দ্রনাথ এই উদারতার ভুবনে 'গোরা'র সময় থেকে পৌঁছতে চেয়েছেন।

সমগ্র রবীন্দ্র সাহিত্যে মুসলমান সমাজ ও চরিত্র বিষয়ে লেখালেখিতে হিন্দু-মুসলমান মৈত্রীর প্রসঙ্গ উল্লিখিত হয়েছে। এইসব উল্লেখ থেকে একটা বিষয় আমাদের কাছে প্রতিভাত হয় যে, রবীন্দ্রনাথ স্বয়ং এই মৈত্রীর ব্যাপারটিকে যথেষ্ট যুক্তির ওপর প্রতিষ্ঠিত করে দেখতে বা দেখাতে পারেন নি। দেখেছেন আবেগের ভিত্তিতে। তাই বারবার ভারতীয় ঐতিহ্যের কথা, উপনিষদীয় মৈত্রীর কথা উচ্চারণ করেছেন। এবং এই মিলন সাধনের ব্যাপারে রবীন্দ্রনাথকে শেষ পর্যন্ত প্রার্থনা ও আবেদন নিবেদনে সমাপ্ত হতে হয়ঃ "ভারতবর্ষের সেই পুরাতন প্রার্থনাকে আজ

আবার সমস্ত প্রাণমন দিয়ে উচ্চারণ করবার সময় এসেছে, শুধু কণ্ঠ দিয়ে নয়, চিন্তা দিয়ে কর্ম দিয়ে, শ্রদ্ধা দিয়ে, পরস্পরের প্রতি ব্যবহার দিয়ে ঃ য এক অবর্ণঃ, যিনি এক এবং সকল বর্ণভেদের অতীত, স নো বুধ্যা শুভয়া সংযুনক্তু, তিনিই আমাদের শুভবুদ্ধি দিয়ে পরস্পর সংযুক্ত করুন।"[২৮]

তথ্যপঞ্জী ঃ

১. আবদুল মওদুদ / মধ্যবিত্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর। ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, ঢাকা ১৯৮২ সং / পৃ. ৩৫১-৫২

২. সমসাময়িক পত্রে জীবন ও জনমত / মুস্তাফা নূরুল ইসলাম, বাংলা একাডেমী, ঢাকা ১৯৭৭, পৃ. ৩৬৪ ৬৬ এবং অথবা কাজী ইমদাদুল হক গ্রন্থাবলী বা উ. বোর্ড সং পৃ. ৪৪৩-৪৫

৩. আবুল ফজল / 'রবীন্দ্রনাথ ও মুসলিম সমাজ' প্রবন্ধ, / গ্রন্থ ঃ রবীন্দ্র প্রসঙ্গ / মুক্তধারা, ঢাকা—ফেব্রুয়ারী ১৯৯১ / পৃ. ৩৪

৪. 'সমস্যা' / রবীন্দ্র রচনাবলী, ১১শ খণ্ড, জ. শ. সং / প. ব. স. ১৩৬৮ / পৃ. ১০০১

৫. গৌরী আয়ুব / হিন্দু মুসলিম সম্পর্ক—রবীন্দ্রনাথের চোখে / 'চতুরঙ্গ', জানুয়ারী ১৯৮৮ সংখ্যা

৬. লোকহিত / রবীন্দ্র রচনাবলী, ১৩শ খণ্ড, জ. শ. সং / প. ব. স. ১৩৬৮ / পৃ. ২২৩-২২৪

৭. অধ্যাপক কালিদাস নাগকে লেখা চিঠি।

৮. গৌরী আয়ুব / পূর্বোক্ত /

৯. কেশব চৌধুরী / ভারতীয় জাতীয়তাবাদের ভিত্তি ও স্বরূপ। পশ্চিমবঙ্গ রাজ্যপুস্তক পর্ষদ ১৯৮৪ / পৃ. ২৬৭

১০. কালিদাস নাগকে লেখা চিঠি।

১১. প্রভাতকুমার মুখোপাধ্যায় / রবীন্দ্র জীবনী ২য় খণ্ড / বিশ্বভারতী ৪র্থ সং. ১৩৮৩, পৃ. ৪১-৪৫

১২. গৌরী আয়ুব / পূর্বোক্ত / এই প্রসঙ্গে তাঁর অন্য এক্ষটি মন্তব্যও উদ্ধারযোগ্য ঃ "সম্প্রতি আরো বিমূঢ় বোধ করলাম শুনে যে এই কাব্যটিকেই জাতীয় সংহতির উপজীব্য হিসাবে নৃত্যগীত সহযোগে পেশ করেছেন মমতাশংকরের দল। রবীন্দ্রনাথ যেখানে সুবিচার করেন নি সেখানে অপরে কিভাবে অবিচারের কুশাংকুর উপড়ে ফেলবে বুঝতে পারছি না।

১৩ সতী / কাহিনী / বিশ্বভারতী ১৩৬৬ / পৃ. ৫৯

১৪. কাজী আব্দুল ওদুদ / কবিগুরু রবীন্দ্রনাথ ১ম খণ্ড / শক ১৮৮৪ / পৃ. ৪৫৭-৬৬

১৫. শেষশিক্ষা / কথা / রবীন্দ্র রচনাবলী, ৪র্থ খণ্ড / ১২৫তম রবীন্দ্র জন্মজয়ন্তী সুলভ সং / বিশ্বভারতী ভাদ্র ১৩৯৪ / পৃ. ৬৫

১৬ প্রভাতকুমার মুখোপাধ্যায় / রবীন্দ্রজীবনী, ২য় খণ্ড / বিশ্বভারতী ১৯৬১ সং / পৃ. ১২৭

১৭. অরবিন্দ পোদ্দার / রবীন্দ্রনাথ ঃ রাজনৈতিক ব্যক্তিত্ব / উচ্চারণ ১৯৮২ / পৃ. ১১৩—১৪

১৮. শিবাজী উৎসব / সঞ্চয়িতা / ১৯৬৬ বিশ্বভারতী সং / পৃ. ৪৭৯

১৯. আব্দুল মওদুদ / পূর্বোক্ত / পৃ. ১৯৩

২০. প্রভাতকুমার মুখোপাধ্যায় / পূর্বোক্ত / পৃ. ১২৭ পাদটীকা দ্রঃ

২১. গোলাম মুরশিদ / রবীন্দ্র বিশ্বে পূর্ববঙ্গ / বাংলা একাডেমি ঢাকা, ১৯৮১ দ্রঃ

২২. উদ্ধৃতি। মূল গ্রন্থ ঃ রবীজীবনী ৩য় খণ্ড, প্রশান্ত পাল / আনন্দ ১৩৯৩, পৃ. ২৮১

২৩. প্রশান্ত পাল / পূর্বোক্ত / পৃ. ২২৬

২৪. ছিন্নপত্র / বিশ্বভারতী ১৯৬৩ / পৃ. ২২৫

২৫. দুরাশা / গল্পগুচ্ছ ২য় খন্ড / পৃ. ৩৫১

২৬. আজহারউদ্দীন খান / বাংলা সাহিত্যে মুহম্মদ শহীদুল্লাহ / জিজ্ঞাসা ১৯৬৮ ; পৃ. ২১

২৭. মুসলমানীর গল্প / গল্পগুচ্ছ ৪র্থ খন্ড / বিশ্বভারতী ১৩৮৮ / পৃ. ৮৮৪

২৮. সমস্যা / কালান্তর / রবীন্দ্র রচনাবলী ১২শ খন্ড / জ. শ. বা সং / প. ব. স. ১৩৬৮ / পৃ. ৩১৯-২০।

PHILOSOPHY

The Idea of Cause : A Philosophical Analysis
—Hiranmoy Banerjee

Śaṁkara's Critique of Vaiśesika View on World-Origination
—Raghunath Ghosh

Reality, World and Man in Vivekananda's Neo-Vedāntism
—Sabujkali Sen (Mitra)

Implications of the Life-World
—Prabhat Misra

The Idea of Cause : A Philosophical Analysis

Hiranmoy Banerjee

The purpose of this paper is to give a general audience consisting of experts from various fields a rough and ready, but as far practicable an accurate idea or rather feel, an authoritative flavour of the kinds of problems and issues which philosophers deal with when they try to get a grip of the idea of cause current in both ordinary thought and science, physical, biological, psychological and social. An idea of the different Kinds of analyses suggested is provided but no definitive solutions of the problems raised are offered. Philosophers are compelled to do things in which scientists may not find in any immediate interest, because philosophical concerns are not identical with scientific concerns, though there is a large area of overlap between the two which I shall also try to bring out. An earnest attempt will be made to avoid the technical vocabulary of philosophy to facilitate easy understanding of non-philosophers even at the risk of oversimplification and distortion of views discussed. Once the fundamentals are grasped, a sophisticated audience would know how technical formulations may be suggested and the tightening of the arguments effected. The treatment of the topic and approach are of necessity illustrative, rather than exhaustive. Many vitally important theories would remain unmentioned, many salient issues ignored.

One of the philosophical issues concerning cause is : what are the entities among which causal relations are said to hold ? Many philosophers take events as causes and also as effects. But conditions, states, phenomena, processes and even facts and objects have often been to be involved in causal relations. It is an interesting subject of philosophical analysis to find out whether they are indeed entities of sorts other than events and if so whether different kinds of causal relations are inuolved. Let us for the present confine our attention to events. The first problem to be dealt with concerns the question whether all events have causes. With the rise of modern physical sciences in the seventeenth century European philosophers have tended to take for granted that all

events have causes. The first issue is whether any kind of proof can be offered for the proposition : whatever begins to exist must have a cause of existence. In the seventeenth century three eminent philosophers Hobbes, Clarke and Locke tried to offer arguments in favour this proposition. In the eighteenth. Hume showed the hollowness of these arguments, Kant, towards the end of this century, tried a different track and tried to re-establish this principle. Hobbes argued that if something can begin to exist without a cause then why should it begin its existence at this *point of space and at this instant of time* since all points of time and space are supposedly equal. The object can never begin to be and must remain in eternal suspense unless there is something to determine where and when it shall begin to exist. David Hume criticises Hobbes validly by saying that the latter cannot return two answers to the same type of questions. We must distinguish two questions : first, whether the object shall exist or not and second, when and where it shall begin to exist. If we are prepared to grant that there is no absurdity in supposing that an object's existence has no cause, there should be no difficulty in supposing the time and place be fixed without a cause.

Clarke argued that if a thing has no cause then it must produce itself. Since the cause precedes the effect, it must precede itself which is an absurdity. Locke argued that if an event has no cause, then we have to say that nothing produces it, but nothing can produce nothing. Hume Knocks these arguments down permanently by saying that when we exclude all causes we really do exclude them and neither suppose nothing nor the object itself to be the cause of its existence. What is shown from the above discussion is that the so-called Law of Universal Causation is so fundamental that we cannot prove it unless we presuppose it in a covert form. When in the twentieth century it has come to be questioned, our entire way of looking at things has been questioned and sought to be replaced by another way of interpreting things and one paradigm has been sought to be replaced by another.

Kant was a great admirer of Newtonian Physics and was eager to provide a philosophical foundation to it. According to him Newtonian Physics required the Law of Universal Causation and he sought to give wkat is called a transcendental proof of this principle. The argument turns on the general conditions of knowledge and tries to show that we cannot know real succession to events unless we establish causal connections between them. What appears successively to our consciousness may not be really successive. When I perceive a big house the

parts must appear successively. But in reality they co-exist. How can we distinguish between what is really successive from what if merely apparently successive ? There is a criterion used by us. If a series of of perception is reversible teen what is perceived do not really succeed each other. We can perceive the high-rise building from the top-down or from the bottom-up. In the case of real succession the order of perception is not reversible. When I see a ship move downstream it is impossible that the ship should be first perceived lower down in the stream and afterwards higher up. Kant argues, therefore, that an experience of an event, of anything as happening is itself possible only when we refer this event neceessarily to something else which precedes it and upon which it follows in conformity with a rule, that is, of necessity. Kant concludes, therefore, in the Second Analogy of Experience, that all alterations take place in conformity with the law of the connection of cause and effect.

Kant's proof for the Law of Universal Causation is, however, unvalid. As P. F. Strawson has pointed out, Kant has changed the sense of the word "necessary" in the cause of the argument. Given that what is observed is a change from A to B it is conceptually necessary that the observer's perceptions should have the order, first perception of A and then perception of B and not the reverse order. But in the conclusion Kant is inviting the notion of causal necessity which is different from the earlier conceptual necessity. The conceptual necessity based on the fact of a change is equated with the causal necessity of that very change.

The vast majority of philosophers have tended to feel that no a priori proof of the principle that every event has a cause is forthe coming. This does not show that this principle can be abondoned at our sweet will.

Why do we make causal judgment ? Some common contexts of causal talk are as follows : (1) We make causal judgments to explain the occurrence of particular events. (2) Causal knowledge has predictive usefulness. (3) Knowledge of causal connection gives us power to control events. (4) Causal attribution involving agents are important in the attribution of moral responsibility. legal liability etc. (5) Cauaal concepts are needed in special technical sense in physical, biological, psychological and social theory-construction. Cana satisfactory philosophical analysis of the idea of cause be given which can account for all these aspects of causal judgments ?

II

Let us now consider some popular analyses of the nature of causation. Causation has been sought to be understood in terms of necessary and sufficient condition of events or both.

C is a cause of E if and only if C and E are actual and C is ceteris paribus. (other thing being equal) sufficient for E, or alternatively both sufficient and necessary for E.

To put the same thought in another way. C is a cause of E if and only if C and E are actual and there is an actual condition D such that C necessitates E on condition D. C necessitates E on condition D if and only if there is a law L such that C, D and L logically implies E, but neither C and D by itself nor D and L by itself logically implies E.

In recent times further clarification of the idea of cause has been sought to be made with help of the notion of INUS condition.

J. L. Mackie Says :

If C is a cauee of E (on a certain occasion) then C is an INUS condition of E, i.e., C is an insufficient, but necessary part of a condition which is itself unnecessary, but exclusively sufficient for E (on that occasion).

When experts declare a short-circuit to be the cause of a fire they are saying in effect that the short-circuit is an insufficient, but necessary part of the condition that caused fire. In other words a short-circuit occurred, other conditions which conjoined with it formed a sufficient condition were also present and that no other sufficient condition of the house's catching fire was present on this occasion.

In the opinion of many philosophers all analyses of this type founder on the turn difficulties of under-determination and over-determination. The length of the legs of a table that support its top is ceteris paribus sufficient for the position of the top relative to the floor. If we put aside temporal considerations we can say that the position of the *table-top* relatlve to the floor is caused by the length of the legs that support the top. Unfortunately the position of the top is ceteris paribus sufficient part for the length of the lsgs. But we are not inclined to say that the position of the top relative to the floor is that cause of the length of the legs.

The difficulty of over-determination is this. If two bullets pierce a man's heart simultaneously, it is reasonable to suppose that each is an

essential part of a distinct sufficient condition of the death, but neither bullet is ceteris paribus necessary for the death, since in each case the other bullet is sufficient. Hence neither bullet is a cause of the death (neither is a causal factor of the death, neither contributes causally to the death)

Difficulties like these have led some philosophers to abandon analysis of causation thal involves conditionality and lawfulness, while others have attempted to supplement condition with some other nations like agency.

III

G. E. M. Anscombe seems to hold that concept of causation cannot be analysed : it is what it is and nothing else. As she puts it, it is mere hap. The word "cause" itself is highly general. It is a generalization of causal concepts : scrape, push, wet, carry, eat, burn, hurt, knock over etc.

Anscombe tries to separate the idea of causation from the idea of determination. A cause C is a necessitating cause of an effect E when if C occurs it is certain to cause E unless something prevents it. A non-necessitating cause is therefore that which can fail of its effect without the intervention of anything to frustrate it. Anscombe quotes Feynman to give an example of a non-necessitating cause : a bond is connected with a Geiger Counter so that it will go off if the Geiger Counter registers a certain reading ; whether it will or not is not determined for it so placed near some radioactive material that it may or may not register the reading.

Anscombe points out that causation and determination are conceptually different—a thing hasn't been caused unless it has happened ; but it may be determined before it happens. When we call a result determined we are implicitly relating to it an antecedent range of possibilities and saying that all but one of these is disallowed what disallow them is not the result itself but something antecedent to the result. The antecedent may be logical, temporal on the order of knowledge. In a chess-game the antecedent possibilities are the powers of the pieces. In a state of the game, all but one of the various moves may be excluded by the rules. Here logical antecedent uniquely determine the next move. However, a chess-game is seldom determined though nobody breaks the rules. In the same way though Newton's mechanics is a deterministic system

believing in Newton's laws does not commit us to determinism. Nothing violates the laws of mechanics, but animals seek about the world in all parts of paths and no path is dictated for them by those laws as it is for planets once the initial conditions are given.

IV

Some philosophers like Donald Davidson have wondered about the logical form of causal statements. Jack fell down and broke his crown. We can analyse it as :

There exist events e and e such that e is a falling down of Jack and e' is a breaking of a crown by Jack and e caused e'.

But Davidson draws a sharp distinction between causes and the features we hit on for describing them. The cause of a match's lighting is that it was struck—yes, but that was only a part of the cause ; it had to be dry match, there had to be oxygen in the atmosphere etc. But the striking of this match cannot be only a part of the cause, for this match was in fact dry, in adequate oxygen etc. So what is partial in the sentence. "The cause of this match's lighting was that this was struck" is the description of the cause ; as we add to the description of the cause we may approach the point where we can deduce from the description and the laws that an effect of the kind described would follow.

Here we may mention an interesting controversy concerning singular causal statements. According to some a singular causal statement 'a caused b' entails that there is law to the effect that "all the objects similar to a are followed by objects similar to be" Others maintain that we can hardly make generalizations like "if you strike a well-made hard enough, then other conditions being favourable it will light" exceptionless and we can know singular causal statements to be true without knowing any relevent covering law. But if we make the distinction between events and their different possible descriptions, then we can reconcile those two views. Since a causal relation holds, there must be a law, But there must not be a law mentioning the two descriptions used in the singular causal statement.

V

Davidson holds that the relation of causality between events can be expressed by extensional language. But he concedes that for the analysis

of causal laws the resources of non-extensional subjective and counter-factual conditional must be brought in.

The empirically—minded philosophers tend to think that constant conjunction is alone known through sense—experience and the causal relation is a kind of regular and constant conjunction.

There are others, however, who hold that a stronger relation is involved. If an event C is a cause of the event E, then the occurrence of C depends in some sense on the occurrence of C. Davidson tries to explain causal dependency in terms of counterfactual dependency.

1. An event e causally depends on an event c just in case if C had not occurred, e would not have occurred,
2. An event C is a cause of an event e just in case there is a chain of events from c to e, each event in this chain being causally dependent on its predecessor.

It has been pointed out however that counterfactual dependency is too broad to pin down causal dependency ; in cases of overdetemination mentioned above it is too narrow. One event may determine another event without causally determining it. As Jaegwon Kim shows, when my sister gave with her first child I became an uncle. By becoming an uncle was determined by in sense being dependent on the birth of the child, but was not a causal effect of it. The two events, however, sustain the required counter-factual :

If my sister had not given birth at t, I would not have become an uncle at t.

Counterfactuals require the talk of possible worlds which are different from, but which are similar to actual worlds. But the notion of a possible world having different degrees of similarity to our actual World seems to be necessary for a clarification of the notion of causal necessity and nobody has been able to elucidate the exact relation of regularity and necessity. May be causal necessity has to be postulated as a primitive idea.

Śaṁkara's Critique of Vaiśeṣika View on World-Origination

Raghunath Ghosh

In the *Tarkapāda* chapter of the *Bhāṣya* Śaṁkara has criticised the views of different philosophers like Vaiśeṣikas, Sāṁkhyas, etc. regarding the cause of the origin of the world and has substantiated the Advaita position. According to the Advaitins, the universe is originated from a consious being called Brahman. In other words, the Advaitins believe in the theory of *Brahmakāraṇatā (Brahmakāraṇatāvāda)*, which regards Brahman as the cause of the universe.

The Vaiśeṣikas believe that the whole universe is originated through the combination of atoms, but not from any concious principle. Śaṁkara has come forward to criticise the view of the Vaiśeṣikas and shown that the combination of atoms is not at all possible.

This universe is described as having its own parts *[Sāvayava]* and hence it has got its beginning as well as end. Atom is described as the cause of this universe, and also the effect. Due to the existence of the desire of God as aided by unseen factors [i.e , merits and demerits] of an individual, the initial action begins between atoms resulting combination in them from which a dyadic compound is produced. The colour, etc. in a dyadic compound. In this way, a material object comes into being.[1]

